www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'সি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com
বর্ষ ৩৮ সংখ্যা ৪৫ কলকাতা শুক্রবার, ৮ জুন ২০১৮/১
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

BCA & HOTEL MANAGEMENT
Rs. 2600/- (প্রতি মাসে)
100% Job Guarantee
www.mitmeducation.org
MITM-Panskura (P.S)
M : 7586053479

## কলকাতায় সরকারি স্বাস্থ্য প্রকল্পে স্টাফ নার্স

১৯১ জন স্টাফ নার্স নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২২ জুন, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 3/Kolkata City NUHM Society /2018-19.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৬১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ৫, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ৯, তফসিলি জাতি ৫৮, তফসিলি উপজাতি ১৭, ও বি সি-এ ২৪, ও বি সি-বি ১৭। **শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ বা নার্সিংয়ে বি এসসি। ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম

**ওয়াক-ইন ইন্টারভিউ ২২ জুন কলকাতায়**

নথিভুক্ত থাকা বাধ্যতামূলক। এছাড়া বাংলা জানতে হবে। **বয়স:** ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১৭,২২০ টাকা।

নিয়োগ করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ কেন্দ্রে রিপোর্টিং টাইম সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২টা। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন: ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত এবং দরখাস্তের এক কপি নকল। ✓প্রার্থীর এক কপি স্বপ্রত্যয়িত ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল থেকে পাওয়া রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে এবং স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

নথিপত্র ওপরে উল্লিখিত নথিপত্রের মূলগুলি নির্দিষ্ট ক্রমানুসারে সাজিয়ে সঙ্গে নিয়ে যাবেন। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা : Institute of Urban Management (ALAKAPURI), 36C, Ballygunge Circular Road, Kolkata-700 019. বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## জীবনবিমায় কেরিয়ার এজেন্ট

**নিজস্ব প্রতিনিধি:** বেশ কিছু কেরিয়ার এজেন্ট নেবে জীবনবিমা নিগমের ইস্টার্ন জোনাল অফিস (কলকাতা)। কাজ করতে হবে কলকাতার পোস্টাল এলাকায়।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

**বয়স:** ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, প্রাক্তন সমরকর্মী এবং অভিজ্ঞ প্রার্থীরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

নিগমের পূর্বাঞ্চলীয় কেরিয়ার এজেন্টস ব্রাঞ্চের ম্যানেজার সন্দীপ ব্যানার্জি জানান, বাছাই প্রার্থীদের প্রথমে ৭ দিনের ট্রেনিং হবে। ট্রেনিং শেষে ইনশিওরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (আই আর ডি এ) পরীক্ষায় বসতে হবে। সফলরা কেরিয়ার এজেন্ট হিসেবে কাজ করার অধিকার পাবেন।

কেরিয়ার এজেন্টরা প্রথম তিন মাস মাসিক ১,২৫০ টাকা করে এবং তার পরবর্তী ৩৩ মাস ২,৫০০ টাকা করে স্টাইপেন্ড পাবেন। এছাড়াও ব্যবসার ওপর আকর্ষণীয় কমিশন, স্কুটার-বাইকের মতো যান কেনার জন্য অগ্রিম টাকা পাওয়া যাবে।

আগ্রহীরা প্রয়োজনীয় নথিপত্র সঙ্গে নিয়ে কেরিয়ার এজেন্টস ব্রাঞ্চে গিয়ে সরাসরি দরখাস্ত জমা দিয়ে আসতে পারেন। আবেদন করতে পারবেন যে-

এরপর চোদ্দোর পাতায়

## সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ১৬ সেপ্টেম্বর

দেশের সহস্রাধিক কেন্দ্রীয় সরকারি স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট (সি টি ই টি) ১৬ সেপ্টেম্বর। পরীক্ষা পরিচালনা করবে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)। এই পরীক্ষার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ জুলাই পর্যন্ত। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে গোটা দেশের সমস্ত কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় এবং সেন্ট্রাল টিবেটান স্কুলগুলিতে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। এছাড়াও চন্ডিগড়, লাক্ষাদ্বীপ, আন্দামান-নিকোবর, দমন ও দিউ, দাদরা ও নগর হাভেলি ও দিল্লি প্রশাসনের অধীন স্কুলগুলিতেও এইসব ক্লাসে শিক্ষকতার জন্য বিবেচিত হবেন এই পরীক্ষায় সফল হলে। দেশের বেসরকারি স্কুলগুলি এবং দেশের কোনও রাজ্যের সরকার রাজ্যস্তরে শিক্ষক নিয়োগের যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা (টিচার এলিজিবিলিটি টেস্ট) না নিলে সি টি ই টি পরীক্ষাটির ফলাফলকে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে গ্রাহ্য করতে পারবে। তবে কোনও ক্ষেত্রেই সি টি ই টি-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন।

সি-টেট পরীক্ষায় বসার জন্য

এরপর চোদ্দোর পাতায়

## যোধপুর এইমসে ১২৭ স্টাফ নার্স

১২৭ জন স্টাফ নার্স (গ্রেড-ওয়ান) নেবে যোধপুরের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস। নিয়োগ হবে সিনিয়র নার্সিং অফিসার পদে। প্রবেশন ২ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Admn/Estt/01/01/2017-AIIMS.JDH.

শূন্যপদের বিবরণ: **সিনিয়র নার্সিং অফিসার (স্টাফ নার্স গ্রেড-ওয়ান):** ১২৭টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১৯, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩৪)। এর মধ্যে ৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা:

এরপর চোদ্দোর পাতায়

## এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক

৯৫ জন ট্রেনি ল ক্লার্ক নিয়োগ করবে এলাহাবাদ হাইকোর্ট। ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে এলাহাবাদ এবং লখনউয়ে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/Law Clerk (Trainee)/18. যেসব-প্রার্থীরা পেশাদারি আইন প্র্যাক্টিস শুরু করেননি অথবা অন্য কোনও পেশার সঙ্গে যুক্ত নন, কেবল তাঁরাই আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫৫ শতাংশ নম্বর-সহ আইনে স্নাতক, অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড ল ডিগ্রি। সঙ্গে ডেটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং এবং কম্পিউটার অপারেশনে জ্ঞান থাকা আবশ্যক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও

এরপর চোদ্দোর পাতায়

রবীন্দ্রপাঠ ভবন
N S D C National Skill Development Corporation
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
NSDC, NCVT, BSS (Govt. Of India)
ITI কোর্সে সরাসরি ভর্তি
NCVT (Govt. Of India) অনুমোদিত
ITI (DRAUGHTSMAN & SURVEYOR)
কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়
100% Placement এর সুবিধাযুক্ত
CIVIL ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা
জয়েন্ট ছাড়াই সরাসরি ভর্তি চলছে
Duration: A) 3 Years For 10th pass students
B) 2 Years For ITI / NCVT / 10+2 Vocational
নার্সিং ট্রেনিং
ANM - NURSING (2 YEARS)
মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পাশ মেয়েরা নার্সিং কোর্সে ভর্তি হয় নিজেদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। (M) 8335066916
বিউটিশিয়ান ট্রেনিং
100% Placement
(M) 8336057557
মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং
একজন Perfect Teacher এর জন্য এই ট্রেনিং আবশ্যিক
যোগাযোগ
BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244 / 8335066915
E-mail: rabindra_path_bhaban@yahoo.co.in web; rabindrapathbhaban.info

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার পাতা
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর ছেলে মেয়েদের দেশ ও বিদেশে চাকরির সুযোগ
বিশ্বায়নের যুগে কোন শিল্পই আজ নির্দিষ্ট গন্ডির মধ্যে সীমাবদ্ধ নেই। দ্রুত গতিতে বাণিজ্য সংস্থাগুলি সমগ্র পৃথিবীতে আজ ছড়িয়ে পড়েছে। তারই দর্পণে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট আজ এক গুরুত্বপূর্ণ পেশা হিসাবে শ্রেষ্ঠ সারিতে উঠে এসেছে। সাধারণ থেকে শুরু করে মেধাবী সব ধরনের ছেলেমেয়েদের হোটেল ম্যানেজমেন্ট কোর্স করে ১০০% চাকরির সুযোগ রয়েছে, সরকারি ও বেসরকারী হোটেল, রিসর্ট, এয়ারলাইন্স, রেলওয়ে ক্যাটারিং ডিপার্টমেন্ট, এয়ারপোর্ট, জাহাজ, ক্রুজ লাইন্স, রিসেপশনিস্ট, এয়ার হোস্টেস ইত্যাদি পদে। ২০১৮ সালে হোটেল এবং হসপিটালিটি ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। বিশদ বিবরণের জন্য যোগাযোগ করুন—৯০০২৪৬৯৬০২ এবং ৭৩৮৪৭৮৩৬২৫ নম্বরে।
visit : www.tiem.co.in
পশ্চিমবঙ্গের সুনামধন্য ম্যানেজমেন্ট কলেজ
TIEM®
100% JOB Guarantee
Else Money Back
*Disclaimer
Govt. Reg. : S/2L/No. 33016
Hotel & Hospitality Management

কোর্স করলেই দেশ বিদেশে
নিশ্চিত চাকরির
লিখিত গ্যারান্টি
কেন TIEM-এ ভর্ত্তি হবেন ?
❖ ভর্তির সময় Job bond Letter. ❖ Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা। ❖ Installment এ Course Fees দেওয়ার সুবিধা। ❖ নুন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ। ❖ Fully AC Campus. ❖ wi-fi connectivity. ❖ Free Separate Hostel facilities for Girls & Boys. ❖ Regular Industry visit. ❖ Concession for SC/ST/OBC/Girls ❖ Books & Uniform Free.
20.06.2018 তারিখের মধ্যে ভর্তি হলে Scholarship-এর সু-ব্যবস্থা
Tamluk Campus :
Hospital More, Tamluk,
Purba Medinipur
7548027134/7384783625
Kolkata Campus :
6, Seal's Garden Lane
Kolkata - 700 002
9002469602/9134050664

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad




# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৮ সংখ্যা ৪৫ □ ৮ জুন ২০১৮



**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in


## কর্মখালি

**স্টার হোটেলে 6-17,500/-**
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**হোটেলে চাকরি**
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

**ভারতের সর্বত্র স্টার হোটেলে**
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

**Airtel 4G/ SBI/ Voda কাস্টমার** কেয়ারে বাংলা ভাষী M/F চাই। যোগ্যতা: M.P-H.S, বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 98745-28327.

□

**কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে** স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F., ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310. হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

**কাস্টমার কেয়ার ও Banking-এ Spot** নিয়োগ চলছে। জেলাভিত্তিক নিয়োগ। MP-MA, বাংলা/ হিন্দি জানা MF নিয়োগ। বেতন: 10,850/- – 22,800/-, P.F, ESI, Car, Inc, থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN. বাঁকুড়া, মেদিনীপুর: 84368-61388, কলকাতা, হাওড়া: 98007-80569.

□

**স্টার হোটেলে চাকরি**
লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজাবাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

২২ জুন **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৬ জুন দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**LUCKY SERVICE**
**G. R. No. L/C: 786799**
সরকারি নিয়ম অনুযায়ী কোম্পানির পেরলে মেডিকেল ফিট কর্মপ্রার্থী যোগ্যতার ওপর নির্ভর করে নিয়োগ চলছে। পদ ও বেতন-হেল্পার: 12,200/-, বুচার: 17,100/-, ওয়েটার: 19,300/-, রুম বয়: 20,200/-, কুক: 23,300/-, স্টোরকিপার: 21,600/-, সুপারভাইজার: 29,700/-, ম্যানেজার: 29600/-, মেকানিক ও AC: 25,800/- ও আরও অন্যান্য পদে। সুবিধা: থাকা খাওয়া, OT, PF, ESI, বোনাস, 5 মাসে 1 মাস ছুটি বেতন-সহ। ইচ্ছুক ব্যক্তিরা সত্বর যোগাযোগ করুন। MO: 75518-15577, স্টেশন রোড, রানাঘাট, নদিয়া।

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাঙ্ক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. BSPL, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 98366-71086, হুগলি/শ্রীরামপুর: 78908-24031. আসানসোল/ দুর্গাপুর: 74777-93461, বর্ধমান/বাঁকুড়া: 74777-93464.

□

**Direct কোম্পানিতে 42 জন কম্পিউটার অপারেটর**
স্থায়ী অফিসিয়াল পদে Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**
উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T. Rd, Nowa Para, শ্যামনগর।

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113 নৈহাটি ও ডানলপ: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654 কৃষ্ণনগর ও নদিয়া: 86975-95917. Need Counseling, ডানলপ-108.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**পঃ বঙ্গ, উঃ বঙ্গ ছেলেমেয়েদের সুবর্ণ সুযোগ Airport, মেট্রো ও PVT. ব্যাংকে ৭ দিনে স্পট জয়েনিং**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাংক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-. বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। F. G, 183/17G, বেহালা বাসস্ট্যান্ড, M: 77187-18137.

□

## কর্মখালি

**DIRECT VODA/ JIO/ SBI কাস্টমার কেয়ারে বাংলাভাষী নিয়োগ**
10-6 শিফটে রাজ্যের বিভিন্ন জেলা থেকে কল রিসিভ করে, KYC ভেরিফাই করার জন্য প্রচুর M/F চাই। স্পট জয়েনিং চলছে। যোগ্যতা: MP-Graduate (18-35), বেতন: যোগ্যতানুসারে Inc + OT + Bonus-সহ 10,950/- + হোটেল + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060 গড়িয়া: 90020-33880 দমদম (উঃ): 99032-23211 শিলিগুড়ি: 98307-71003, বর্ধমান: 98301-88881.

□

**VODA/ JIO কাস্টঃ কেয়ারে (10-6 P.M)** SIM-সংক্রান্ত কাস্টমারদের Incoming Call verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. Sal: 10,800/- – 45,800 + PBA + OT + ESI + মেস + CAR. IING, Kol-08. বেহালা: 96742-56755, দঃ/উঃ ২৪ পরগনা: 82769-83240.

□

**Airtel 4G/ Vodafone/ Jio কাস্টমার** কেয়ারে বাংলা ভাষী রাজ্যের বিভিন্ন জেলা থেকে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 90517-30543.

□

**এয়ারপোর্ট ও মেট্রো গভঃ স্বীকৃত কন্ট্রাক্টরের অধীনে**
**স্থায়ী জব Govt. Regd.**
**R/L No.: 13794**
**M: 87688-22677**
কোনও ডোনেশন ছাড়া গ্যারান্টি সহকারে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 18,300/- – 48,900/-. বয়স: 18-45, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা আছে। B. C, 126/38 Garia St. Rd.

□

**ফোন করলেই নিশ্চিত চাকরি। কন্ট্রাক্টরের অধীনে Airport মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায়**
Govt. Regd. L/No.-6630, সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই/স্নাতক। বেতন: (9,500/- – 48,700/-). সবকটি পদে OT PF ESI ছুটি বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ: M: 77185-43880. N. Corporate, Pinkal More, শ্যামনগর।

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**Govt. Regd. L/No.: WB 6290**
**M: 8327062290**
সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা। Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-), OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে। Sara Corporate, Garulia Rd, Shyamnagar.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

**SBI/ HDFC/ VODAFONE/** NAAPTOL/ JIO-4G-তে সরাসরি অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) M/F URGENT চাই। বেতন: 10,912/- –32,737/- (PF-ESI+INC). W2C, Kol-56. বেলঘরিয়া: 83348-59516 বালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর: 98743-49135.

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**Bright Service**
**URGENT VACANCY**
**Mo. 75518-14141**
গ্যারান্টি-সহ বন্দরে বিভিন্ন পদে সরাসরি কাজের নিয়োগ চলছে। বয়স: (17-42), যোগ্যতা: (অষ্টম-স্নাতক), বেতন: 16,500/- – 52,500/- সঙ্গে থাকা-খাওয়া, কোম্পানির খরচ। এছাড়া সঙ্গে PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুব্যবস্থা আছে। পোস্টিং এরিয়া: খিদিরপুর, হলদিয়া, আন্দামান, মুম্বই, চেন্নাই, গোয়া, বিশাখাপত্তনম, আরো অন্যান্য স্থানে। যোগাযোগ: Mo: 75518-14141, Station Rd, Ranaghat, Nadia.

□

**স্থায়ী চাকরি পশ্চিমবঙ্গে**
সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt BANK, টাওয়ার 4G, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে টার্গেট ছাড়া Direct জয়েনিং। ওয়েবসাইট: www.gcajob.co.in বেতন: 11,200/- – 28,700/-, PF-এর সুবিধা। N. D, Central Avenue, Kol-7. (M): 77184-52562.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাঙ্ক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- - ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 86979-66868, নর্থ/সাউথ ২৪ পরগনা: 78908-24031. বর্ধমান/ হুগলি: 74494-06185, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463.

□

**Jio/ Naptol/ Vodafone কাস্টমার** কেয়ারে বাংলা ভাষা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, M: 90075-59111.

□

**DIRECT নিয়োগ**
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□


**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**NCVT কোর্সে ভর্তি চলছে**
কর্মসংস্থানের সুযোগ পেতে হলে, সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চন্ডীপুর উন্নয়ন কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার। 94330-78824, 98744-49706.

□

**পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের** উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

**ACHIEVEMENT**
**FOR: WBCS, Bank, SSC, Rail,** Primary etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘড়িয়া, শিয়ালদহ, ব্যারাকপুর, বারুইপুর। নতুন শাখা: বারাসাত: 98305-38588 / 85828-04688 / 92316-10947.

□

**প্যারামেডিকেল ও নার্সিং**
DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিকেল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 90623-62321.

□

**নার্সিং কোর্সে ভর্তি**
INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

## স্কুল-কলেজ শিক্ষা

Math & Eng. সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

**150/- টাকা মাসে অংক, G.I, Rail,** WBCS, ক্লার্ক কম্বাইন্ড 350/- মাসে, পাঠশালা, Kol-31, ঢাকুরিয়া, শিয়ালদহ: 98046-61270.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কলেজ, বালিগঞ্জ**
মহিলাদের নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 74784-30465, 98317-89536.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS & NCVT Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736/ 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**টিচার্স ট্রেনিং**
প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS. NCVT (Govt. of India) Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর: 92315-51285/70449-27065.

□

**ANM নার্সিং ট্রেনিং**
জুলাই সেশনের ফর্ম দেওয়া হচ্ছে। এছাড়াও DMLT (প্যাথো) DPT (ফিজিও), X-Ray ও Ecg কোর্সে সরাসরি ভর্তি চলছে। ২০তম বর্ষে প্রতিটি কোর্সে ভর্তির সঙ্গে স্কুলব্যাগ বিনামূল্যে দেওয়া হবে। MRIT, শ্রীরামপুর। M: 92318-39309.

□

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448
E-mail: advt@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কোন মেশিনে কী ব্যবসা

স্বনির্ভরতার নানা পথ

# দুধ থেকে ক্রিম বের করার মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনের সাহায্যে দুধ থেকে ক্রিম বের করে সেই ক্রিম থেকে ঘি, মাখন প্রভৃতি তৈরি করতে পারেন। আবার সেই ক্রিম সরাসরি প্যাকেটজাত করে বাজারে বিক্রি করতে পারেন। অথবা কেক-পেস্ট্রি তৈরির বেকারিগুলিতেও সরবরাহ করতে পারেন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে ঘন দুধ কিনে এনে তা মেশিনের নির্দিষ্ট জায়গায় ঢেলে দিতে হবে। এবার মেশিন চালু করলে নিজে থেকেই দুধ থেকে ক্রিম বের হয়ে আলাদা পাত্রে জমা হবে। মোটামুটিভাবে বলা যায়, এই মেশিনে ১ লিটার ঘন দুধ থেকে ২৫০ গ্রাম ক্রিম বের করা সম্ভব। তবে দুধের ঘনত্বের তারতম্যের ওপর ক্রিম উৎপাদনের পরিমাণেরও তারতম্য হতে পারে। এই মেশিনটি ৪০ লিটার, ৫০ লিটার এবং ১০০ লিটার পর্যন্ত সাইজের হতে পারে। ৪০ এবং ৫০ লিটার সাইজের মেশিনের জন্য মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং ১০০ লিটার সাইজের মেশিনের জন্য মোটর লাগবে ৫ হর্সপাওয়ার। বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** মোটর সমেত ৪০ লিটার সাইজের মেশিনের দাম ৪০,০০০ টাকা, ৫০ লিটার সাইজের মেশিনের দাম ৪৫,০০০ টাকা এবং ১০০ লিটার সাইজের মেশিনের দাম ৬০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *পাটের হস্তশিল্প সামগ্রী তৈরির জন্য ব্লিচিং ও ডাইং-এর পদ্ধতি শিখতে চাই। কোথায় প্রশিক্ষণ পাওয়া যেতে পারে? —শর্মিলা মণ্ডল, বৈদ্যবাটি, হুগলি।*

□□ ন্যাশনাল ইনস্টিটিউট অব রিসার্চ অন জুট অ্যান্ড অ্যালায়েড ফাইবার টেকনোলজি পাট ব্লিচিং ও ডাইংয়ের প্রশিক্ষণ দেয়। পরবর্তী ব্যাচের প্রশিক্ষণ হবে ২-৬ জুলাই। ফি ৮০০ টাকা। পাটের নানা হস্তশিল্প সামগ্রী তৈরির প্রশিক্ষণও দেওয়া হয় এখানে।

হস্তশিল্প সামগ্রী তৈরির প্রশিক্ষণ শুরু হবে ১৮ জুন। চলবে ৩০ জুন পর্যন্ত। ফি ১,২০০ টাকা। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট পাওয়া যাবে। দিনপ্রতি ৫০ বা ১০০ টাকার বিনিময়ে প্রতিষ্ঠানের হস্টেলে থেকেও প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: ১২, রিজেন্ট পার্ক (রানীকুঠি বাসস্টপ থেকে ২ মিনিটের হাঁটাপথ)। ফোন: ৯০৬২০ ৩২৭৪২, ৯০৬২১ ৩২৫২০।

□ *পশ্চিমবঙ্গের কোথায় কোথায় সরকারি সহায়তায় হস্তশিল্প মেলা আয়োজিত হয়, তার একটা তালিকা পেলে খুবই উপকৃত হব। কীভাবে এই তালিকা পাওয়া যেতে পারে? —সুদিশা কর্মকার, বেহালা, কলকাতা।*

□□ আপনি ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন সোসাইটির এই ওয়েবসাইটটি দেখতে পারেন: www.wbseps.com ওয়েবসাইটের 'আদার লিঙ্কস'-এর অন্তর্গত 'স্টেটমেন্ট অব ফেয়ারস অ্যান্ড এক্সিবিশনস'-এ ক্লিক করলেই তালিকাটি খুলে যাবে।

□ *চাউমিন তৈরির ব্যবসা করতে চাই। কোথাও চাউমিন তৈরি শেখানো হয় কি? আমি মেশিনে চাউমিন তৈরি শিখতে চাই। —রঞ্জন তালুকদার, শেওড়াফুলি, হুগলি।*

□□ মেশিন যে সংস্থা থেকে কিনবেন, সেই সংস্থার তরফ থেকেই তৈরির পদ্ধতি দেখিয়ে দেওয়া হবে। কয়েকদিন ট্রায়াল দিয়ে পদ্ধতিটি আয়ত্ত করতে হবে। তবে আগে থেকেই তৈরি শিখে দক্ষতা অর্জন করতে চাইলে স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতি-তে যোগাযোগ করতে পারেন। এই প্রতিষ্ঠানে চাউমিন তৈরি শেখানো হয়। যোগাযোগের ঠিকানা: নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *পটারি ইউনিট তৈরির পরিকল্পনা রয়েছে। তথ্যের দরকার। কোথায় যোগাযোগ করতে পারি? —প্রসেনজিৎ ঘোষ, শিলিগুড়ি, দার্জিলিং।*

□□ যোগাযোগ করতে পারেন এইসব ঠিকানায়: (১) এম এস এম ই ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪ ৪০১। ফোন: (০৩৫৩) ২৫৪-২৪৮৭। (২) জেলা শিল্পকেন্দ্র, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, কমার্শিয়াল কমপ্লেক্স (তৃতীয় তল), সি ডি ব্লক, সেকেন্ড মাইল, সেবক রোড, শিলিগুড়ি-৭৩৪ ০০১। (৩) ইন্ডিয়ান পটারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন, ইলাকা হাউস, ৪, ইন্ডিয়া এক্সচেঞ্জ প্লেস, কলকাতা-৭০০ ০০১।

□ *মশা তাড়ানোর ধূপ তৈরি শিখতে চাই। ধোঁয়া মানুষের পক্ষে ক্ষতিকর হবে না এরকম ধূপ। কোথায় শেখার ব্যবস্থা আছে জানাবেন। —রুমা পালচৌধুরী, কৃষ্ণপুর, কলকাতা-১০২।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে মশা তাড়ানোর ভেষজ ধূপ তৈরি শেখানো হয়। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *আমি গহনার দোকানের কারিগর। নিজের ব্যবসা করার ইচ্ছা। গহনার কারিগর বা ব্যবসায়ীদের কোনও সংগঠনের ঠিকানা বা ফোন নম্বর পেলে খুব সুবিধা হয় আমার। কিছু নিয়মকানুন জানার দরকার রয়েছে। —নাম প্রকাশে অনিচ্ছুক, মহেশতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ (১) অখিল ভারতীয় স্বর্ণকার সঙ্ঘ, ১৫৯বি, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২। (২) বঙ্গীয় স্বর্ণশিল্পী সমিতি, রেজিস্টার্ড অফিস-৮২ প্রেমচাঁদ বড়াল স্ট্রিট, কলকাতা-১২।

NCTE -র নতুন নিয়ম অনুযায়ী প্রাইমারী ও হাইস্কুলে শিক্ষকতার জন্য
বাধ্যতা মূলক - B.Ed, D.El.Ed
সরাসরি ভর্তি চলছে শুধুমাত্র HALDAR ACADEMY -তে
B.Ed
D.El.Ed
M.Ed
B.P.Ed
D.Pharm
B.Pharm
এছাড়া ভর্তি চলছে ঃ- মাধ্যমিক, উচ্চমাধ্যমিক
B.A., M.A., B.Sc, M.Sc, B.Com, M.Com
MSW, BBA, BCA, LLB, Hotel Management
এবছর যারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করতে পারেননি তারা ভর্তির জন্য শিঘ্রই যোগাযোগ করুন।
(মনে রাখবেন আমাদের সমস্ত কোর্স সরকারী স্বীকৃত এবং প্রাইমারী, SSC, PSC, RAIL, BANK, WBCS সহ সমস্ত সরকারী চাকুরীর পরীক্ষায় 100% গ্রহণযোগ্য)
All Course Approved by : UGC, DEC, SCERT, NCERT, AICTE, PCI, NCTE, WBBPE & MHRD
Session 2018-20
ভর্তির জন্য ফোন করুন ঃ-
9007697749 / 9007700707
HALDAR ACADEMY
(ISO CERTIFIED INSTITUTE)
সোনারপুর, কোলকাতা-১৫০ (কালীতলার বিপরীতে) Director Mr. S. Haldar

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সাফল্য কোন আকস্মিকতা নয়। কঠোর পরিশ্রম, ধৈর্য, শিক্ষা, সংযম এবং সর্বোপরি, যা তুমি করতে চাও তার প্রতি নিখাদ ভালোবাসা সাফল্যের পথ তৈরি করে দেয়।*
*— পেলে*
*(কিংবদন্তী ব্রাজিলীয় ফুটবলার)*

***✓ বাংলা সাহিত্যের অনার্স গ্র্যাজুয়েট। টাইপিং জানি। নিয়মিত টাইপিং প্র্যাক্টিসও করি। মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসার জন্য আবেদন করেছি। টাইপিং জানার দরকার হয় এরকম কিছু চাকরির কথা জানতে চাই।***

*জয়ন্ত ভৌমিক, গড়িয়া, কলকাতা-৪৭।*

□ বিভিন্ন চাকরির জন্যই টাইপিং জানার দরকার হয়। টাইপিং প্র্যাক্টিসের সঙ্গে সঙ্গে চাকরির লিখিত পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে থাকুন। মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার প্রস্তুতি অন্য চাকরির পরীক্ষাতেও কাজে লাগবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু আপার ডিভিশন ক্লার্ক নেবে ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। স্নাতকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। স্কিল টেস্টে মিনিটে অন্তত ৩০টি ইংরেজি শব্দ টাইপ করতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১ জুন সংখ্যায় 'ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৭ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.igcar.gov.in

কিছু আপার ডিভিশন ক্লার্ক নেবে ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ। স্নাতকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। স্কিল টেস্টে মিনিটে অন্তত ৩০টি ইংরেজি শব্দ টাইপ করতে হবে। 'কর্মক্ষেত্র'-র ১ জুন সংখ্যায় 'ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট বা সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে রিজার্ভেশন ক্লার্ক, টাইমকিপার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে এবং পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে টাইপিস্ট এবং ক্লার্ক-কাম-টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। এ ছাড়াও গ্র্যাজুয়েট যোগ্যতার অন্যান্য নানা চাকরির জন্যও আপনি আবেদনের যোগ্য।

***✓ ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছি। চতুর্থ বিষয় কম্পিউটার সায়েন্স। প্রথম বিভাগেই পাশ করব বলে আশা আছে। আমার উচ্চতা ১৬২ সেমি। ছোটবেলা থেকেই সাঁতারে আগ্রহ। সাঁতারের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নিয়েছি। আমার ইন্ডিয়ান নেভিতে চাকরি করার ইচ্ছা। জাহাজের চাকরিতে খুবই আগ্রহ। আমি কি নেভির চাকরির জন্য দরখাস্ত করতে পারব?***

*দীপাঞ্জন গঙ্গোপাধ্যায়, শ্রীরামপুর, হুগলি।*

□ ভারতীয় নৌবাহিনী তথা নেভির একাধিক এন্ট্রিতে উচ্চমাধ্যমিক তরুণদের ট্রেনিং দিয়ে নাবিক ও অফিসার পদে নিয়োগ করা হয়। উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর থাকলে 'আর্টিফিশার অ্যাপ্রেন্টিস' এবং 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস' এন্ট্রিতে আবেদন করা যাবে। উচ্চমাধ্যমিকের ফল প্রকাশিত হবে ৮ জুন। ফল প্রকাশিত হলেই আবেদন করতে পারবেন। সাঁতারের চর্চা চাকরি পেতে সাহায্য করবে। আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির মাধ্যমে নৌবাহিনীতে নাবিক পদে নিয়োগ করা হয়। উচ্চমাধ্যমিকে মূল বিষয় হিসেবে অঙ্ক ও ফিজিক্স এবং তৃতীয় বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকলে এবং উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে এই দুই এন্ট্রিতে আবেদন করা যায়। আবেদন করা যাচ্ছে এখনই।

আর্টিফিশার অ্যাপ্রেন্টিস এবং সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির মাধ্যমে নৌবাহিনীতে নাবিক পদে নিয়োগ করা হয়। উচ্চমাধ্যমিকে মূল বিষয় হিসেবে অঙ্ক ও ফিজিক্স এবং তৃতীয় বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স পড়ে থাকলে এবং উচ্চমাধ্যমিকের ফাইনাল পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে এই দুই এন্ট্রিতে আবেদন করা যায়। আবেদন করা যাচ্ছে এখনই।

'কর্মক্ষেত্র'-র ১ জুন সংখ্যায় 'উচ্চমাধ্যমিকদের ট্রেনিং দিয়ে নৌবাহিনীতে নাবিক' এবং 'নৌবাহিনীতে নাবিক' শীর্ষক সংবাদে উল্লিখিত দু'টি এন্ট্রিতে আবেদনের জন্য প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। উভয়ক্ষেত্রেই অনলাইন দরখাস্ত করতে হবে ১৫ জুনের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমিতে ট্রেনিং দিয়ে উচ্চমাধ্যমিকদের সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীতে অফিসার ক্যাডারে নিয়োগ করা হয়। এক্ষেত্রে উচ্চমাধ্যমিকের নম্বরের কড়াকড়ি নেই। আপনি ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষা নেয় ইউ পি এস সি। ইন্টারভিউ নেয় সার্ভিস সিলেকশন বোর্ড। পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়।

***✓ ক্লাস নাইন পর্যন্ত পড়াশোনা করেছি। বর্তমান বয়স ২২ বছর। সিকিউরিটি গার্ডের অস্থায়ী চাকরি করি। আমি কি সিভিক ভলান্টিয়ারের চাকরি পেতে পারি? অন্য কোনও চাকরির সুযোগ আছে কি?***

*সৌমেন সরকার, বেলেঘাটা, কলকাতা।*

□ সিভিক ভলান্টিয়ারের চাকরি হতে পারে। পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন অফিস, পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, বিভিন্ন আদালত, স্কুল-কলেজে গ্রুপ 'ডি' পদে চাকরির সুযোগ আছে। চাকরির জন্য লিখিত পরীক্ষায় বসতে হবে। সেজন্য পড়াশোনা করে প্রস্তুতও হতে হবে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, গ্রুপ 'ডি' পদে চাকরির বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** কলকাতা পুরসভার অন্তর্গত বিভিন্ন সরকারি হাসপাতালে ৩৪৪জন নিরাপত্তারক্ষী নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১ জুন সংখ্যায় 'সরকারি হাসপাতালে ৩৪৪ নিরাপত্তারক্ষী' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। দরখাস্তের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.kolkatapolice.gov.in কাজের দিন আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন এই ঠিকানা থেকেও: Office of the Deputy Commissioner of Police, Enforcement Branch, 112, Ripon Street, Kolkata-700 016. প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৬ জুনের মধ্যে আপনার অঞ্চলের থানায় (বেলেঘাটা পুলিশ স্টেশন) রাখা নির্দিষ্ট বক্সে জমা দেবেন।

***✓ আমি ইংরেজির স্নাতক। কম্পিউটার অ্যাপ্লিকেশন ও টাইপিং জানি। একটি বেসরকারি সংস্থায় অফিস-সংক্রান্ত নানা কাজ করি। চাকরি বজায় রেখেই অফিস ম্যানেজমেন্টের একটা স্বীকৃত কোর্স করে নিতে চাইছি। সেটা কীভাবে সম্ভব?***

*গায়ত্রী মজুমদার, চেতলা, কলকাতা-২৭।*

□ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে মডার্ন অফিস ম্যানেজমেন্টের ১ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করা যায়। দূরশিক্ষা ব্যবস্থায় পড়া যায়। ফলে চাকরি করতে করতেই কোর্সটি পড়ার সুযোগ আছে। একটি স্টাডি সেন্টারের সঙ্গে যুক্ত থাকতে হয়। আপনার ঠিকানার নিকটবর্তী স্টাডি সেন্টারের ঠিকানা: প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, ভারত সেবাশ্রম সঙ্ঘ, পি-২১, বালিগঞ্জ। ফোন: ৯৮৩০২-১৬০৫৬। ওয়েবসাইট: www.pimtonline.com এখন ভর্তি চলছে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন। তথ্যের জন্য দেখতে পারেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in 'কর্মক্ষেত্র'-র ১ জুন সংখ্যার 'জীবিকার আটঘাট' বিভাগে 'আধুনিক অফিস সামলানোর প্রশিক্ষণ' শীর্ষক প্রতিবেদনে অফিস ম্যানেজমেন্ট পড়ার আরও নানা স্টাডি সেন্টার ও প্রতিষ্ঠানের ঠিকানা পাবেন।

## নিজেকে একটু তৈরি করে নিতে পারলে করার মতো নানা কাজ কিন্তু আছে



সুজতা চক্রবর্তী
প্রফেসর, পোস্ট-হারভেস্ট টেকনোলজি অব হর্টিকালচারাল ক্রপস বিভাগ, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

ছাত্রছাত্রীদের উচ্চমাধ্যমিক স্তরেই ভবিষ্যতে কী পড়বেন সে বিষয়ে একটা সিদ্ধান্ত নিয়ে ফেলতে হবে। প্রথামাফিক সায়েন্স, কমার্স ও আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পড়া যায়। তারপরে ওই শাখাগুলোতেই উচ্চতর পড়াশোনার ব্যবস্থা রয়েছে। আবার, উচ্চমাধ্যমিকের পরে কেউ হোটেল ম্যানেজমেন্ট পড়তে পারেন, কেউ-বা নার্সিং অথবা মেডিক্যাল টেকনোলজি। উচ্চমাধ্যমিকের পরেই এগ্রিকালচার, হর্টিকালচারের বি এসসি কোর্স পড়া যায়। আবার, ডেয়ারি টেকনোলজি, ফিশারি সায়েন্স, ভেটেরিনারি সায়েন্স বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ রয়েছে। এখানে একটা কথা জানিয়ে রাখি, বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় অথবা উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ে উচ্চমাধ্যমিকের নম্বরের ভিত্তিতে এগ্রিকালচার ও হর্টিকালচারের ডিগ্রি কোর্সে ভর্তি হওয়া যায়। অর্থাৎ, উচ্চমাধ্যমিকের পরে আপনি নিজের নিজের শাখায় উচ্চতর পড়াশোনায় অর্থাৎ স্নাতক ডিগ্রি কোর্স পড়তে পারেন, চাইলে স্পেশ্যালাইজড তথা পেশাদারি পড়াশোনা করার সুযোগও রয়েছে। তাহলে দেখা যাচ্ছে, উচ্চমাধ্যমিক স্তরেই ভবিষ্যৎ পড়াশোনার ধারাটা ঠিক করে নিতে হবে। যাঁরা স্নাতক কোর্সে সায়েন্স, কমার্স বা আর্টস পড়বেন, তাঁদের ঠিক করে নিতে হবে, গ্র্যাজুয়েশনের পরে স্নাতকোত্তর স্তরের পড়াশোনা করবেন, নাকি চাকরির উদ্যোগ নেবেন? উচ্চতর পড়াশোনার পথে যাঁরা যাবেন, তাঁদের কিন্তু আরও কয়েকটা বছর পড়াশোনার জন্যই ধরে রাখা উচিত, যাতে পি এইচ ডি করা যায়। তাতে উচ্চতর পড়াশোনার ফলটা পাওয়া যায়। যাঁরা গ্র্যাজুয়েশনের পরে চাকরির জন্য উদ্যোগী হবেন, তাঁদের আরেকটি সিদ্ধান্ত নিতে হবে। সরকারি নাকি বেসরকারি, কেমন চাকরি করবেন? এটা আমাদের অজানা নয় যে, প্রয়োজনের তুলনায় সরকারি চাকরি কম। তাই, সরকারি চাকরি পাওয়ার জন্য যথাযথ প্রস্তুতি নেওয়ার দরকার হবে। অন্যদিকে, বেসরকারি চাকরির অনেক দরজা কিন্তু খুলে যাচ্ছে। যেমন ধরুন, স্বাস্থ্যক্ষেত্রে একজন ডাক্তারপিছু অন্তত ৫০জন অন্য স্বাস্থ্যকর্মীর দরকার হয়। বড় হাসপাতাল বা নার্সিং হোমের সংখ্যা ক্রমাগত বাড়বে। মেডিক্যাল টেকনোলজি বা স্বাস্থ্য-সংক্রান্ত অন্য কোনও স্পেশ্যালাইজড কোর্স করে নিলে এক্ষেত্রে চাকরি প্রায় নিশ্চিত। একই কথা বলব রিটেল সেক্টর প্রসঙ্গে। প্রচুর লোকের দরকার রিটেল ইন্ডাস্ট্রিতে। একটি উচ্চমাধ্যমিক ছেলে বা মেয়ে ৩ মাসের একটি গ্রুমিং কোর্স করে রিটেলের জগতে পা রাখতে পারেন। কাজের মধ্য দিয়ে ক্রমাগত তিনি শিখতে থাকবেন। তাঁর উপার্জনও বাড়তে থাকবে, পদোন্নতিও হবে। একটু সাহস করে এন্ট্রি লেভেলের চাকরিতে ঢুকে পড়তে হবে। আমাদের বাঙালি ছেলেমেয়েদের যথেষ্ট দক্ষতা রয়েছে। একটু বলিয়ে-কইয়ে হতে হবে। এই গুণটা চেষ্টা-চরিত্র করে নিজেকেই আয়ত্ত করে নিতে হবে। দরকারে একটা গ্রুমিংয়ের কোর্স করে নেবেন। কেউ যদি ভালো রান্নাটাও শিখে নিতে পারেন, এখনকার দিনে তাঁর কাজের অভাব হবে না। এত হোটেল-রেস্তোরাঁ, ভালো রান্নার লোকের দারুণ কদর এখন। আমি অনেককে জানি, যাঁরা বাড়ি বাড়ি বা অফিসের রান্না করা খাবার সরবরাহ করে যথেষ্ট উপার্জন করেন, শুধু তা-ই নয়, আরও দু'-চারজনের কাজের ব্যবস্থা করে দিয়েছেন। এখন প্রত্যেকটি বড় সংস্থাকে পরিবেশগত কিছু নিয়মকানুন মেনে চলতে হয়। তারই অঙ্গ হিসেবে সেই সব সংস্থা নিজস্ব বাগান তৈরি করে। এখন বাগান তৈরির কাজ যাঁরা ভালো জানেন, তাঁদের কর্পোরেট সেক্টরে চাকরি আছে। এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় বাগান তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। এরকম প্রশিক্ষণ নেওয়া থাকলে এখন চাকরি আছে। একটু মেধাবী যাঁরা, স্নাতকোত্তর স্তরের পড়াশোনা করেছেন, তাঁরা প্রাইভেট স্কুলগুলোতে পড়াতে পারেন। পড়াতে পড়াতেই বি এড করে নেওয়ার সুযোগ থাকে। কাজ আছে, ফলে বসে থাকবেন না।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতক কোর্স

পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে।

প্রতিষ্ঠান অনুসারে আসনসংখ্যা: আইন বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাজরা ক্যাম্পাস: ১২০টি। সুরেন্দ্রনাথ ল কলেজ: ১২০টি। যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ: ১২০টি। সাউথ ক্যালকাটা ল কলেজ: ১২০টি। বিকাশ ভারতী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। রবীন্দ্র শিক্ষা সম্মিলনী ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জ্যোতির্ময় স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। শ্যামবাজার ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। জর্জ স্কুল অব ল (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। সুরেশ্বর দত্ত ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। হেরিটেজ ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি। কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট (সেল্ফ-ফিনান্সড): ৬০টি। এল জে ডি ল কলেজ (সেল্ফ-ফিনান্সড): ১২০টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। ২০১৬ সালের আগে (তফসিলিদের ক্ষেত্রে ২০১৪ এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০১১) উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

সরকারি নিয়মানুসারে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৮ জুলাই, দুপুর ১২টা থেকে দুপুর ২টো ৩০ মিনিট পর্যন্ত। প্রবেশিকা পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস/কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং এবং জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৩ জুলাই থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৬ জুন। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। আবেদনের সময় পাওয়া অ্যাপ্লিকেশন ফর্ম নম্বর এবং পাসওয়ার্ড টুকে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইন বা অফলাইন ব্যবস্থায় দিতে হবে ৫০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইনে ফি দেওয়া যাবে নেট ব্যাঙ্কিং বা ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৭ জুন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্প লাইন নম্বরগুলিতে: ৯০৭৩৩৮৩৩০৬/৯০৭৩৩৮৩৩১১।

### ফাইন আর্টসের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



ফাইন আর্টসের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে গভর্নমেন্ট কলেজ অব আর্ট অ্যান্ড ক্রাফ্ট। স্নাতক কোর্সের মেয়াদ ৪ বছর, স্নাতকোত্তর কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স দু'টি শুরু হবে জুলাই মাসে।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব ফাইন আর্টস:** স্পেশ্যালাইজেশনের বিষয় অনুসারে আসনসংখ্যা: পেইন্টিং: ১৬টি, পেইন্টিং (আই এস): ১০টি, গ্রাফিক ডিজাইন/অ্যাপ্লায়েড আর্ট: ১৫টি, মডেলিং অ্যান্ড স্কাল্পচার: ১০টি, সেরামিক আর্ট অ্যান্ড পটারি: ৬টি, টেক্সটাইল ডিজাইন: ১৫টি, ডিজাইন উড অ্যান্ড লেদার: ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**মাস্টার অব ফাইন আর্টস:** স্পেশ্যালাইজেশনের বিষয় অনুসারে আসনসংখ্যা: পেইন্টিং: ৯টি, পেইন্টিং (আই এস): ৮টি, গ্রাফিক ডিজাইন অ্যাপ্লায়েড আর্ট: ৭টি, মডেলিং অ্যান্ড স্কাল্পচার: ১০টি, সেরামিক আর্ট অ্যান্ড পটারি: ৫টি, টেক্সটাইল ডিজাইন: ৯টি, ডিজাইন উড অ্যান্ড লেদার: ৮টি, প্রিন্ট মেকিং: ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফাইন আর্টস বা ভিস্যুয়াল আর্টসে স্নাতক।

উভয় কোর্সের ক্ষেত্রেই প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ব্যাচেলর অব ফাইন আর্টসের ক্ষেত্রে অ্যাডমিশন টেস্ট নেওয়া হবে ১৮ জুন (পেইন্টিং), ২০ জুন (পেইন্টিং), ২১ জুন (গ্রাফিক ডিজাইন), ২২ জুন (পেইন্টিং-আই এস, টেক্সটাইল ডিজাইন) ও ২৫ জুন (সেরামিক, উড অ্যান্ড লেদার, মডেলিং অ্যান্ড স্কাল্পচার, পেইন্টিং)। স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ৫ জুলাই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gcac.edu.in অনলাইন আবেদনের শেষ তারিখ স্নাতক কোর্সের ক্ষেত্রে ১০ জুন এবং স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ২০ জুন।

মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর রঙিন স্ক্যান করা ফটো (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে), বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (উভয়ই ১০০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে), কাস্ট বা ও বি সি সার্টিফিকেট (১০০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে), দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (১০০ থেকে ১৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন আবেদন ও ফি জমা দেওয়ার পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### টেক্সটাইল প্রসেসিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি

টেক্সটাইল প্রসেসিংয়ের পোস্ট-ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি। কোর্সটি করানো হবে বেনারস (উত্তরপ্রদেশ) এবং সালেমে (তামিলনাড়ু)। এটি ভারত সরকারের টেক্সটাইল মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শুরু হবে ১৬ জুলাই থেকে।

**শিক্ষাগত যোগ্যতা:** হ্যান্ডলুম টেকনোলজি, হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল টেকনোলজি, টেক্সটাইল কেমিস্ট্রি, টেক্সটাইল প্রসেসিং— যে-কোনও একটি বিষয়ে ৩ বছরের ডিপ্লোমা। অথবা যে-কোনও সায়েন্স শাখায় গ্র্যাজুয়েট অথবা হোম সায়েন্সে বি এসসি। সেক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে।



নিয়মানুসারে ও বি সি এবং তফসিলি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা ও কাউন্সেলিংয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.handlooms.nic.in পূরণ করবেন যথাযথভাবে।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের প্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে যাবতীয় মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থী শেষ যে প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন, সেখান থেকে পাওয়া ট্রান্সফার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ২০ জুনের মধ্যে পাঠাবেন উল্লিখিত দু'টি কেন্দ্রের যে-কোনও ঠিকানায়। বেনারসের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Chowkaghat, Varanasi-221 00[illegible] (U.P.). সালেমের ক্ষেত্রে: The Director, Indian Institute of Handloom Technology, Foulkes Compound, Thillai Nagar, Salem-636 00[illegible] (Tamilnadu). খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

আরও 'কী পড়বেন, কোথায় পড়বেন' ১৬ পাতায়



www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন পরীক্ষার ধরনধারণ জানতে চাই। —অনিন্দ্য দে, রাণাঘাট, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিস অ্যান্ড ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস এক্সামিনেশন'-এর প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ২০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন। প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ ও এরিথমেটিক বিষয়ে। মেন পরীক্ষায় কনভেনশনাল টাইপ প্রশ্ন হবে। এই পরীক্ষার দু'টি ভাগ: (১) আবশ্যিক বিষয় (২) ঐচ্ছিক বিষয়। আবশ্যিক বিষয়ের পরীক্ষায় প্রথম পত্রে থাকবে ইংরেজি এসে, প্রেসি ও কম্পোজিশন। দ্বিতীয় পত্রে থাকবে বাংলা ভাষায় প্রবন্ধ রচনা, সারসংক্ষেপ ও কম্পোজিশন। তৃতীয় পত্রে জেনারেল স্টাডিজ বিষয়ক প্রশ্ন হবে। প্রতি পত্রের নম্বর ১০০। ঐচ্ছিক বিষয়ের পরীক্ষার জন্য নির্ধারিত বিষয়ের তালিকা থেকে দু'টি বিষয় বেছে নিতে হবে। প্রতি বিষয়ে নম্বর ২০০। ওয়েস্ট বেঙ্গল ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্ট ২০০ নম্বরের। ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিসের ক্ষেত্রে পার্সোন্যালিটি টেস্টের নম্বর ১০০। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pscwbonline.gov.in

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কীভাবে পাব? —শতভ্রু সেন, করিমপুর, নদিয়া।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত 'ওয়েস্ট বেঙ্গল জুডিশিয়াল সার্ভিস (প্রিলিমিনারি) এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষা হবে ১০ জুন (রবিবার)। এনরোলমেন্ট নম্বর বা প্রার্থীর নামের প্রথমাংশ (ফার্স্ট নেম) এবং জন্মতারিখের সাহায্যে পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in অ্যাডমিট কার্ডে ফটো না এলে বা প্রার্থীর ফটো বোঝা না গেলে পরীক্ষাকেন্দ্রে প্রার্থীর দু'কপি স্ট্যাম্প সাইজের ফটো এবং সচিত্র পরিচয়পত্র সঙ্গে নিয়ে যাবেন।

## কোর্স, ট্রেনিং

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম'-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —স্বপ্না দে, মনোহরপুর, হুগলি।*

□□ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ বিভাগ 'রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম'-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অগস্টে। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা এম এ বা এম এসসি। কোর্স ফি সেমেস্টার প্রতি ৩০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল সায়েন্টিফিক অ্যাপ্টিটিউড বিষয়ে। পরীক্ষা ৪ জুলাই দুপুর ১২টা থেকে। ১৩ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in

□ *নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে মডার্ন অফিস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —প্রলয় দত্ত, শ্যামপুর, হাওড়া।*

□□ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের চারটি স্টাডি সেন্টারে পড়ানো হয় মডার্ন অফিস ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখার স্নাতক উত্তীর্ণরাই পড়তে পারেন। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি ৮,০০০ টাকা। স্টাডি সেন্টারগুলিতে আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া চলছে। ফি বাবদ ২০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে স্টাডি সেন্টারগুলি থেকে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন। স্টাডি সেন্টারগুলির ঠিকানা: (১) প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভারত সেবাশ্রম সঙ্ঘ) (পি-২১), বালিগঞ্জ, ভারত সেবাশ্রম সঙ্ঘ মেডিক্যাল সেন্টারের কাছে। ফোন: ৯৮৩০২-১৬০৫৬, ৯৩৩১২-৫৬৯৩৪। (২) মুরাগাছা গভর্নমেন্ট কলেজ, গ্রাম ও পোঃ মুরাগাছা, পুলিশ স্টেশন-নাকাশিপাড়া, জেলা- নদিয়া, পিন-৭৪১ ১৫৪। ফোন: ৯৮৩১২-২৩৮০৩, ৮৯৭২০-০৯০৪৫। (৩) নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট (ভি-৪৮), রেজিনগর, মুর্শিদাবাদ, পিন-৭৪২ ১৮৯। ফোন: ৯৭৩৩০-৭০৬৯৪, ৯৪৩৪৮-৮২৪৭১। (৪) অঞ্জলি অ্যাকাডেমি অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভি-৫০), সেকেন্ড ফ্লোর, কৃষ্ণ অ্যাপার্টমেন্ট, ৩/এ নিত্যানন্দ নগর, হাওড়া-৭১১ ১০৯। ফোন: ৯৭৪৮০-৫২৩৯৩, ৯৪৩৪৪-৫৩১৪৪। ওয়েবসাইট: www.wbnsou.ac.in

## নার্সিং

□ *হুগলি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শতভিষা নন্দী, দলুইগাছা, হুগলি।*

□□ হুগলি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন যে-কোনও একটি ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in, www.hooghly.gov.in ফি বাবদ দিতে হবে ১০০ টাকার (তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'District Health & Family Welfare Samity Hooghly' A/C Non NHM-এর অনুকূলে চুঁচুড়া বা কলকাতা ব্রাঞ্চে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১২ জুনের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the Chief Medical Officer of Health, New Administrative Building, 1st Floor, DRS Complex, Chinsurah, Hooghly-712 101.

## অন্যান্য চাকরি

□ *ন্যাশনাল ফার্টিলাইজার্সে ইনস্ট্রুমেন্টেশন শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অরুণ দাস, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

□□ ন্যাশনাল ফার্টিলাইজার্সে ইনস্ট্রুমেন্টেশন শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেকট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন বা প্রসেস কন্ট্রোল ইনস্ট্রুমেন্টেশন বা ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল বা অ্যাপ্লায়েড ইলেকট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেকট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেকট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা। সব ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ৭ জুলাই। ১৫০ নম্বরের পরীক্ষা। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক এবং দ্বিতীয় পার্টে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস/জেনারেল নলেজ বিষয়ে প্রশ্ন আসবে। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। ১৭ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nationalfertilizers.com

□ *ইন্ডিয়ান অয়েলে জুনিয়র অপারেটর (গ্রেড-ওয়ান) পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —জয়ন্ত পাণ্ডা, শিমুলিয়া, মুর্শিদাবাদ।*

□□ ইন্ডিয়ান অয়েলে জুনিয়র অপারেটর (গ্রেড-ওয়ান) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেইসঙ্গে ইলেকট্রনিক্স মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেকট্রিশিয়ান, মেশিনিস্ট এবং ফিটার ট্রেডের কোনও একটিতে ২ বছরের আই টি আই কোর্স পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ২ বছরের আই টি আই কোর্সের পরে অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুসারে ট্রেনিং নিয়ে থাকলে তা অভিজ্ঞতা হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে ন্যাশনাল অ্যাপ্রেন্টিস সার্টিফিকেট থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা যাচাইয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধাঁচের ১০০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ১। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে না। প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ জেনেরিক অ্যাপ্টিটিউড, রিজনিং, বেসিক ইংলিশ ল্যাঙ্গুয়েজ এবং সংশ্লিষ্ট আই টি আই ট্রেড-সংক্রান্ত প্রশ্ন। ১৬ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com/peoplecareers/job.aspx

□ *নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক প্রয়োজন? —রাম প্রামাণিক, বামনঘাটা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ নৌবাহিনীতে 'সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস' এন্ট্রিতে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অঙ্ক ও ফিজিক্স-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। অপশনাল বিষয় হিসেবে কেমিস্ট্রি বা বায়োলজি বা কম্পিউটার সায়েন্স নিয়ে পড়ে থাকতে হবে। খেলাধুলা ও সাঁতার জানা থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। চশমা-সহ উভয় চোখে ৬/৬। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে রেডিও-থেরাপিস্ট বিভাগে মেডিক্যাল টেকনোলজিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —মনোময় মান্না, মহানন্দতলা, মালদা।*

□□ পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরে রেডিও-থেরাপিস্ট বিভাগে মেডিক্যাল টেকনোলজিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি অব ওয়েস্ট বেঙ্গল স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখায় ২ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা ব্যাচেলর্স ডিগ্রি। অথবা বি এসসি (পিওর/ বায়ো) এবং মেডিক্যাল টেকনোলজির সংশ্লিষ্ট শাখায় ১ বছর মেয়াদের ডিপ্লোমা। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.wbhrb.in

□ *হুগলি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে ল্যাবরেটরি টেকনিশিয়ান পদের জন্য দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —দেবমাল্য আচার্য, দক্ষিণ গঙ্গাধরপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ হুগলি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে ল্যাবরেটরি টেকনিশিয়ান পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি বা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। এম এস অফিস, ইন্টারনেট-সহ কম্পিউটার বিষয়ে দক্ষ হতে হবে। ওয়েবসাইট: www. hooghly.gov.in

নাম : ..................................

ঠিকানা : ..................................

..................................

..................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯

ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in

পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## ডব্লু বি সি এস মেন পরীক্ষায় 'রহস্যজনক প্রার্থী'র নম্বর-কেলেঙ্কারির জের চলছেই

রাজ্য সরকারের সর্বোচ্চ সরকারি চাকরি ডব্লু বি সি এস পরীক্ষাকে কেন্দ্র করে বেশ কিছুদিন ধরে যে বেলাগাম অনিয়ম চলছে, সে-প্রসঙ্গে পূর্বে আমার দু'টি চিঠি 'কর্মক্ষেত্র' পত্রিকার 'চাই সুবিচার' বিভাগে (৪ ও ১৮ মে সংখ্যা) প্রকাশিত হয়েছে। সংবাদপত্রে এই কেলেঙ্কারি বিষয়ে একের পর এক আলোড়ন ফেলে দেওয়া তথ্য উঠে আসছে। ডব্লু বি সি এস (মেন, ২০১৭) পরীক্ষায় আবশ্যিক বাংলা ও ইংরেজি, দু'টি বিষয়ে নম্বর কারচুপির পর এ বার ঐচ্ছিক বাংলার দু'টি উত্তরপত্রেও কেলেঙ্কারির হদিস মিলল! যে-প্রার্থীর আবশ্যিক বাংলা ও ইংরেজি উত্তরপত্রে প্রাপ্ত নম্বরে গরমিল সামনে এসেছিল, সেই একই প্রার্থীর ঐচ্ছিক বাংলার উত্তরপত্রেও গোলমাল ধরা পড়ল। ঐচ্ছিক বাংলার প্রথম পত্রে একটি মাত্র প্রশ্নের উত্তর লিখে ওই প্রার্থী ২০০-র মধ্যে ১৪৮ নম্বর পেয়েছে। আবার ওই বিষয়ের দ্বিতীয় পত্রে কোনও উত্তর না লিখেই ১৬৭ নম্বর পেয়েছে। দু'টি ক্ষেত্রেই আগের মতো আলাদা উত্তরপত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে 'নীতিবিগর্হিত ভাবে' উত্তর লেখার সুযোগ করে দেওয়ার মতো গুরুতর অভিযোগও উঠেছে কমিশনের বিরুদ্ধে। এমনকী, এই পরীক্ষার প্রিলিমিনারি পর্বে সফল প্রার্থীদের তালিকায় ওই প্রার্থীর নাম না থাকা সত্ত্বেও পরে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন এক বিশেষ বিজ্ঞপ্তি জারি করে তাঁকে মেন পরীক্ষায় বসার অনুমতি দিয়েছিল। সব মিলিয়ে এই 'বিশেষ' প্রার্থীটি যে কে, তা নিয়ে কৌতূহল তৈরি হয়েছে সর্বস্তরে।

**আলাদা উত্তরপত্রে সংশ্লিষ্ট প্রার্থীকে 'নীতিবিগর্হিত ভাবে' উত্তর লেখার সুযোগ করে দেওয়ার মতো গুরুতর অভিযোগও উঠেছে কমিশনের বিরুদ্ধে। এমনকী, এই পরীক্ষার প্রিলিমিনারি পর্বে সফল প্রার্থীদের তালিকায় ওই প্রার্থীর নাম না থাকা সত্ত্বেও পরে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন এক বিশেষ বিজ্ঞপ্তি জারি করে তাঁকে মেন পরীক্ষায় বসার অনুমতি দিয়েছিল।**

রাজ্যের প্রশাসনিক স্তরের সর্বোচ্চ ক্যাডার নিয়োগের পরীক্ষায় 'নিরপেক্ষতা' বজায় রাখার জন্য পরীক্ষক খাতা দেখার আগেই উত্তরপত্র থেকে সংশ্লিষ্ট প্রার্থীর নাম ও রোল নম্বর লেখা অংশটি সরিয়ে একটি 'ফিকটিশাস' (ফিক) নম্বর বসানো হয়। এ ক্ষেত্রে ঐচ্ছিক বাংলার প্রথম পত্রে প্রার্থীকে ফিক নম্বর দেওয়া হয়েছিল ৮০। দেখা যাচ্ছে, প্রথম পত্রে ওই প্রার্থী একটি প্রশ্নেরই উত্তর দিয়েছিল, 'গ' বিভাগে ৫-এর প্রশ্ন— 'বাংলা গীতিকাব্যধারার বিষয়ে আপনার মতামত জানান। প্রাসঙ্গিক ভাবে মহিলা গীতিকবিদের কথাও আলোচনা করুন।' বিস্ময়করভাবে, ৮০ ফিক নম্বর দেওয়া বাংলা ঐচ্ছিকের আরও একটি উত্তরপত্রের খোঁজ মিলেছে, যেখানে দেখা যাচ্ছে প্রার্থী চারটি প্রশ্নের উত্তর লিখে পেয়েছে ১৪৮ নম্বর। আবার একই ভাবে, দ্বিতীয় পত্রটির ক্ষেত্রে ৭৮ ফিক নম্বর দেওয়া দু'টি উত্তরপত্রের সন্ধান মিলেছে। একটি খাতা পুরোপুরি সাদা, অন্যটিতে পাঁচটি প্রশ্নের সবিস্তার উত্তর লিখে পেয়েছে ১৬৭ নম্বর। ডব্লু বি সি এস পরীক্ষা নিয়ে যা চলছে, তা ন্যক্কারজনক। অথচ এখনও প্রশাসনের তরফে কোনও পদক্ষেপ করা হচ্ছে না। মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ও কোনও বিবৃতি দেননি। ক্রমশ সন্দেহের বাতাবরণ তৈরি হচ্ছে। পরীক্ষার্থীদের কমিশনের প্রতি ভরসা উঠে যাচ্ছে।

ধীরেশচন্দ্র সমাদ্দার, রামেশ্বরপুর, উত্তর ২৪ পরগনা।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**=NPV (Net Present Value)**

এই সূত্রের সাহায্যে কোনও নির্দিষ্ট সময় বিনিয়োগকৃত মেয়াদি নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্দিষ্ট সুদের হারে যে সুদাসল হবে তা এবং এ ভাবে সুদের হারে সুদাসল না নিয়ে প্রতিবছর অসম হারে কী কী পরিমাণ লাভ গ্রহণ করে মোট লাভের পরিমাণ যা হবে তার পার্থক্য অর্থাৎ দ্বিতীয় পন্থায় বিনিয়োগকৃত অর্থের নীট বর্তমান মূল্য নিরূপণ করা যায়।

এর Syntax-টি হল: =NPV (Interest, Range)

এখানে, Interest = নির্দিষ্ট সুদের হার

Range = ওয়ার্কশিটের কোনও নির্দিষ্ট পরিধি। যার প্রথম Row-তে থাকবে প্রাথমিক বিনিয়োগ মূল্য ('–' চিহ্ন দিয়ে) এবং পরবর্তী Row-সমূহে বছরভিত্তিক আয়ের পরিমাণ উল্লেখ করা থাকে।

উদাহরণ: ধরা যাক, আপনি 3 বছর মেয়াদে কোনও ব্যবসায়িক প্রতিষ্ঠানে 10,000 টাকা লাভের শর্তের বিনিময়ে বিনিয়োগ করলেন। প্রতিষ্ঠান আপনাকে দু'টি প্রস্তাব দিল—

এক: আপনি এই টাকা বিনিয়োগ করলে 10% হারে সুদ পাবেন।

দুই: 1 বছরে 3000, পরের বছর 4200 এবং তৃতীয় বছরে 6800 টাকা পাবেন।

কোন পন্থাটি গ্রহণ করা বেশি লাভজনক?

দ্বিতীয় পন্থা গ্রহণ করলে লাভ বেশি হবে কিনা অর্থাৎ দ্বিতীয় পন্থাটির বর্তমান মূল্য এবং প্রথম পন্থাটির বর্তমান মূল্যের পার্থক্য কত তা জানতে চান। পার্থক্য যদি (+) হয়, তাহলে দ্বিতীয় পন্থা গ্রহণ করা বেশি লাভজনক। আর পার্থক্য যদি (–) হয় তবে প্রথম পন্থাটি বেশি লাভজনক, দ্বিতীয় পন্থা গ্রহণ করা ভুল হবে। পার্থক্য যদি শূন্য (0) হয় তাহলে দুটো পন্থারই লাভ সমান। এবার আসুন, আমরা NPV নির্ণয় করি—

- ⇨ প্রথমে একটি ডেটা টেবিল তৈরি করুন।
- ⇨ সেল পয়েন্টারকে A9 Cell-এ রাখুন।
- ⇨ Formula-টি লিখুন: =NPV(A2, A3, A4, A5, A6) এবং 'Enter' দিন।
- ⇨ A9 Cell-এ নিট বর্তমান মূল্য 1,188.44 আসবে।

তাহলে দেখা যাচ্ছে, দ্বিতীয় পন্থা – প্রথম পন্থা = 1,188.44

অর্থাৎ, দ্বিতীয় পন্থাটির নিট বর্তমান মূল্য প্রথম পন্থা অপেক্ষা 1,188.44 টাকা বেশি। সুতরাং, দ্বিতীয় পন্থা গ্রহণ করা লাভজনক।

| | A | B |
|---|---|---|
| 1 | Data | Description |
| 2 | 10% | Annual discount rate |
| 3 | -10,000 | Initial cost of investment one year from today |
| 4 | 3,000 | Return from first year |
| 5 | 4,200 | Return from second year |
| 6 | 6,800 | Return from third year |
| 7 | Formula | Description (Result) |
| 8 | =NPV(A2,A3,A4,A5,A6) | Net present value of this investment (1,188.44) |
| 9 | =NPV(A2,A3,A4,A5,A6) ENTER | |

↓

| | A | B |
|---|---|---|
| 1 | Data | Description |
| 2 | 10% | Annual discount rate |
| 3 | -10,000 | Initial cost of investment one year from today |
| 4 | 3,000 | Return from first year |
| 5 | 4,200 | Return from second year |
| 6 | 6,800 | Return from third year |
| 7 | Formula | Description (Result) |
| 8 | =NPV(A2,A3,A4,A5,A6) | Net present value of this investment (1,188.44) |
| 9 | Rs.1,188.44 | |

ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



মাইক্রোসফট এক্সেল-এর ওয়ার্কবুককে অন্য মাইক্রোসফট অ্যাপ্লিকেশনের সঙ্গে লিঙ্ক করা যায় কি? —বর্ণালী চক্রবর্তী, বারাসাত রোড, উত্তর ২৪ পরগনা।

□□ হ্যাঁ, করা যায়।

ডেটাবেস ম্যানেজমেন্টের কাজ শিখতে চাই। বর্তমানে ওর‍্যাকল সফটওয়্যার শিখে কী ধরনের কাজের সম্ভাবনা থাকে? ডেটাবেস ম্যানেজমেন্টের জন্য আর কী সফটওয়্যার রয়েছে? —মধুসূদন পাত্র, বীরভূম।

□□ ওর‍্যাকল হল একটি আর ডি বি এম এস অর্থাৎ রিলেশনাল ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম। ডেটাবেস ম্যানেজমেন্ট সংক্রান্ত নানান কাজে এই সফটওয়্যারটি ব্যাপকভাবে ব্যবহৃত হয়। এছাড়া MySQL, Microsoft SQL Server, IBM DB2, SAP Sybase ACE, ইত্যাদি অনেক ডেটাবেস ম্যানেজমেন্ট সফটওয়্যার রয়েছে। ডেটাবেস ম্যানেজমেন্ট ভালো করে শিখে নিলে সরকারি বেসরকারি কাজের ক্ষেত্রে এগিয়ে থাকতে পারবেন।

উচ্চমাধ্যমিক পাস করার পর লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স নিয়ে পড়তে চাই। এই বিষয়টি নিয়ে পড়তে হলে কম্পিউটারের কী কী জানা থাকতে হবে। —তানিয়া বসাক, ঝাড়গ্রাম।

□□ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স নিয়ে পড়তে হলে কম্পিউটারের সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক নয়। তুমি কম্পিউটারের যেকোনও সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করতে পারো। কম্পিউটারে এম এস অফিস জানা থাকলে বিষয়টি নিয়ে পড়ার ক্ষেত্রে সুবিধা হবে। কম্পিউটারের যে-কোনও সার্টিফিকেট কোর্সেই এম এস অফিস শেখানো হয়।

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
ADMISSION OPEN
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
কোর্স শেষে দেশে ও বিদেশে
নিশ্চিত চাকরির
লিখিত গ্যারান্টি
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা
সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad

100% PLACEMENT TILL DATE
HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৮ মে-২৪ মে

**১৮ মে** বিহারে পশুখাদ্য কেলেঙ্কারি ফাঁস করা অভিজ্ঞ আমলা অমিত খারেকে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব হিসেবে নিয়োগ করল কেন্দ্র। ১৯৮৫ ব্যাচের আইএএস খারে বর্তমানে ঝাড়খণ্ড ক্যাডারে রয়েছেন। ১৯৯৬ সালে চাইবাসার ডেপুটি কমিশনার থাকাকালীন কোটি কোটি টাকার পশুখাদ্য কেলেঙ্কারি ধরে ফেলেন। এই দুর্নীতিতেই নাম জড়ায় বিহারের তৎকালীন মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদবেরও।

## বঙ্গসম্মান-২০১৮



২১ মে: কলকাতার নজরুল মঞ্চে এ বছরের বঙ্গসম্মান প্রদান করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রবীণ সঙ্গীতশিল্পী আশা ভোঁসলে বঙ্গবিভূষণে সম্মানিত হলেন। এ বারের বঙ্গবিভূষণ প্রাপকদের মধ্যে আশা ভোঁসলে ছাড়া ছিলেন, রাজবংশী ভাষা-সংস্কৃতির গবেষক-লেখক গিরিজাশঙ্কর রায়, এবং সাঁওতালি ভাষা-সংস্কৃতি চর্চার গুরুত্বপূর্ণ মুখ সুহৃদ কুমার ভৌমিক। এঁদের সঙ্গে সাহিত্যিক সমরেশ মজুমদার, অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, প্রাক্তন ফুটবলার মহম্মদ হাবিব, সুব্রত ভট্টাচার্য, প্রাক্তন বিচারপতি শ্যামল সেন প্রমুখ সম্মানিত হয়েছেন। বাচিক শিল্পী পার্থ ঘোষ, সঙ্গীতশিল্পী শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়, অরুন্ধতী হোমচৌধুরী প্রমুখ সম্মানিত হয়েছেন বঙ্গভূষণ সম্মানে।

**সিঙ্গাপুরে বহু প্রতীক্ষিত আমেরিকা-উত্তর** কোরিয়া বৈঠককে প্রশ্ন চিহ্নের মুখে ঠেলে দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ওয়াশিংটনে ট্রাম্প এ দিন বলেছেন, যদি কিম পরমাণু অস্ত্র নিয়ে বোঝাপড়ায় না আসেন, তাহলে লিবিয়ায় বিদ্রোহীদের হাতে নিহত মুয়াম্মার গদ্দাফির মতো অবস্থা হবে তাঁর। কয়েকদিন আগে উত্তর কোরিয়া সম্পর্কে নেতিবাচক মন্তব্য করে দু'দেশের মধ্যে সম্পর্কের ছন্দপতন ঘটিয়েছিলেন মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জন বোল্টন। তার জেরে বৈঠকের যে অনিশ্চয়তা তৈরি হয়েছিল তাকেই আরও জটিল করে তুললেন ট্রাম্প নিজেই। তাঁর কথায়, 'গদ্দাফির ক্ষেত্রে পদক্ষেপ ছিল ধ্বংসাত্মক। আমরা ওঁকে পরাজিত করেছিলাম।'

**১৯ মে** কর্নাটকে বিধানসভার আস্থা ভোট থেকে নাটকীয় ভাবে সরে দাঁড়ালেন বি এস ইয়েদুরাপ্পা। এ দিন বিধানসভা শুরুর পরেই মুখ্যমন্ত্রী পদ থেকে সরে দাঁড়ানোর কথা জানিয়ে রাজ্যপাল ভাজুভাই ভালার কাছে গিয়ে পদত্যাগপত্র জমা দেন ইয়েদুরাপ্পা। উল্লেখ্য, এর একদিন আগেই সুপ্রিম কোর্ট নির্দেশ দেয় ১৯ মে বিধানসভায় আস্থাভোট নিতে হবে। প্রোটেম স্পিকার হিসেবে বিজেপি বিধায়ক কে জি বোপাইয়ার নিয়োগকেও সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ করে কংগ্রেস-জেডি (এস)। স্বচ্ছতা বজায় রাখতে আস্থাভোট সরাসরি সম্প্রচার করার নির্দেশও দেয় সুপ্রিম কোর্ট। এ দিনের ঘটনায় কংগ্রেস-জেডি (এস) জোট সরকার গঠনের রাস্তা পরিষ্কার হয়ে গেল। তবে শাসক ও বিরোধী শিবিরের আসনের ব্যবধান কম হওয়ায় কংগ্রেস শিবিরেই আশঙ্কা রয়েছে আগামী দিনে জেডি (এস)-কে ভেঙে সরকার ফেলে দেওয়ার চেষ্টা চালিয়ে যাবে বিজেপি। বিজেপি সভাপতি অমিত শাহ-ও বলেছেন, 'এক বছরও টিকবে না এই জোট সরকার।'

**২০ মে** পাক অধিকৃত কাশ্মীর এবং গিলগিট-বাল্টিস্তানকে প্রশাসনিক এবং আর্থিক ক্ষমতা দেওয়ার সিদ্ধান্ত নিল পাকিস্তান। এই অংশ দিয়েই বিতর্কিত চিন-পাকিস্তান আর্থিক করিডোর (সিপিইসি) যাওয়ার কথা। পাকিস্তানের জাতীয় নিরাপত্তা কমিটির এক বৈঠকে প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান এবং কাশ্মীর সংক্রান্ত ও গিলগিট-বাল্টিস্তান মন্ত্রকের তরফে সরতাজ আজিজ বিষয়টি জানিয়েছেন। বৈঠকের নেতৃত্ব দেন পাক প্রধানমন্ত্রী শাহিদ খকন আব্বাসি। তবে প্রশাসনিক ও আর্থিক সংস্কার ঠিক কী ধাঁচে হবে সে বিষয়ে স্পষ্ট করে কিছু জানানো হয়নি। ভারত জানিয়েছে, এ বিষয়ে কোনও পাক উদ্যোগকে মেনে নেওয়া হবে না। গিলগিট-বাল্টিস্তান অঞ্চলে সিপিইসি-র বিস্তার নিয়ে চিনের কাছেও আপত্তি জানিয়েছে ভারত।

## ভেনেজুয়েলায় ক্ষমতায় মাদুরো



২১ মে: ভোট প্রক্রিয়ায় প্রচুর বেনিয়মের অভিযোগকে সঙ্গী করেই ভেনেজুয়েলায় ফের জিতলেন নিকোলাস মাদুরো। সরকারি ঘোষণা অনুযায়ী ৬৮ শতাংশ ভোট পেয়ে জয়লাভ করেছেন তিনি। এমনিতে বেহাল অবস্থা অর্থনীতির। মূল্যবৃদ্ধি আকাশছোঁয়া। ব্যাপক খাদ্যসঙ্কট এবং ওষুধপত্র নিয়েও হাহাকার চলছে সে দেশে। আমেরিকা আগেই দাবি করেছিল মাদুরোর অপসারণের। ফের ক্ষমতায় এসে মাদুরো অবশ্য একে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জয় বলেই দাবি করেছেন। ওয়াশিংটনের উদ্দেশে তাঁর বার্তা 'ডোনাল্ড ট্রাম্পের সরকার গোড়া থেকেই আমাদের ভোট বানচাল করতে চেয়েছিল। পারেনি। তবু বলব, ওরা কখনও কোনওরকম আলোচনায় বসতে চাইলে আমি রাজি।'



"ভাবতেই পারছি না, আমাদের এক-একটা গোলের এত শক্তি। এখন থেকে গোলের জন্য প্রাণপাত করব ওদের কথা ভেবেও। আশা করি অনেক শিশুর মুখে হাসিও ফোটাতে পারব।"

লিয়োনেল মেসি, *আর্জেন্তিনীয় ফুটবল তারকা*

*রাষ্ট্রপুঞ্জের 'বিশ্ব খাদ্য কর্মসূচি'-র অঙ্গ হিসেবে রাশিয়া বিশ্বকাপ-সহ ২০২০ সালের মার্চ পর্যন্ত মেসি ও নেমার যত গোল করবেন তার প্রতিটির জন্য একটি আন্তর্জাতিক বাণিজ্যিক সংস্থার পরিকল্পনায় লাতিন আমেরিকা ও ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের ১০ হাজার স্কুল পড়ুয়ার মধ্যাহ্নভোজনের খরচ যোগানোর উদ্যোগকে স্বাগত জানিয়ে*

## সোচিতে মোদী-পুতিন ঘরোয়া বৈঠক



২১ মে: রাশিয়া সফরে গিয়ে অস্ত্র কেনা নিয়ে প্রেসিডেন্ট পুতিনকে আশ্বস্ত করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রাশিয়ার সোচি শহরে এক ঘরোয়া বৈঠকে পুতিনের সঙ্গে মিলিত হন মোদী। বৈঠকে মস্কোর সঙ্গে সম্পর্কে মেরামতি, আন্তর্জাতিক উত্তর-দক্ষিণ করিডোর গঠন, ব্রিকস নিয়ে আলোচনা হয়। তবে এ দিনের আলোচনায় অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে রাশিয়া থেকে অস্ত্র কেনা নিয়ে আমেরিকার সাম্প্রতিক নিষেধাজ্ঞামূলক আইনটি। এই আইনের আওতা থেকে ভারতকে যাতে বাদ দেওয়া হয় সে ব্যাপারে ভারত যে চেষ্টা চালাচ্ছে সে বিষয়ে পুতিনকে অবহিত করেন মোদী। রাশিয়ার সঙ্গে ভারতের সম্পর্কের গভীরতা বোঝাতে অটলবিহারী বাজপেয়ীর প্রসঙ্গ তুলে আনেন মোদী। তিনি বলেন,'অটলবিহারী বাজপেয়ী ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের তৈরি কৌশলগত সম্পর্ক এখন বিশেষ কৌশলগত অংশীদারিতে পরিণত হয়েছে। এ এক বিরাট সাফল্য।' ছবি: পিটিআই

**বিশ্বে ষষ্ঠ সম্পদশালী দেশের তকমা পেল** ভারত। বর্তমানে মোট সম্পদের অঙ্ক ৮.২৩ লক্ষ কোটি ডলার। একটি আন্তর্জাতিক ব্যাঙ্কিং সংস্থার সমীক্ষায় এই তথ্য উঠে এসেছে। প্রথম স্থানে রয়েছে আমেরিকা। তাদের সম্পদ ৬২.৫৮ লক্ষ কোটি ডলার। আমেরিকার পরেই রয়েছে চিন, জাপান, ব্রিটেন।

**২২ মে** নয়াদিল্লির গির্জাগুলিকে লেখা দিল্লির আর্চবিশপ অনিল কুতোর এক চিঠি ঘিরে দেশজুড়ে তুমুল বিতর্ক তৈরি হল। চিঠিতে তিনি লিখেছেন, 'অশান্ত রাজনৈতিক পরিস্থিতি দেশের গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতাকে বিপন্ন করে তুলেছে। ২০১৯-এর সাধারণ নির্বাচনের আগে দেশের জন্য প্রার্থনা করুন।' ধর্মগুরুর রাজনৈতিক বক্তব্য ঘিরে বিতর্ক ওঠায় কুতো পরে বলেন, 'নির্বাচন ও সরকার আমাদেরও ভাবায়। আমরা এমন সরকার চাই, যারা মানুষের স্বাধীনতাকে গুরুত্ব দেয়। আমি খ্রিস্টান সম্প্রদায়ের কল্যাণের কথা ভাবি। সঙ্কীর্ণ রাজনীতির মধ্যে থাকতে চাই না। আমরা দেশের জন্য প্রার্থনা করছি যাতে দেশ সঠিক দিশায় চলতে পারে।' আর্চবিশপের এই মন্তব্যকে বিরোধীরা হাতিয়ার করেছে। অন্যদিকে, বিতর্ক এড়াতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'ভারতে কারও সঙ্গে কোনও বিভেদ করা হয় না।'

**পাকিস্তানের করাচিতে তিনদিন ধরে চলা** প্রবল তাপপ্রবাহে ৬৫ জনের মৃত্যু হল। শহরের কোনও কোনও এলাকার তাপমাত্রা ৪৪ ডিগ্রি ছাড়িয়েছে। স্থানীয়দের দাবি, মৃতের সংখ্যা ১০০ ছাড়িয়ে যেতে পারে। ২০১৫ সালেও করাচিতে তাপপ্রবাহে কমপক্ষে ১২০০ মানুষের মৃত্যু হয়েছিল। পাক বিশেষজ্ঞেরা জানিয়েছেন, করাচিতে সবুজের আচ্ছাদন ক্রমেই কমছে। সেই কারণেই গরমের এত বাড়বাড়ন্ত। এমনিতেই করাচিতে আর্দ্রতা বেশি। তার ওপর তাপপ্রবাহ অস্বস্তি বাড়িয়েছে। নগরায়ণের চাপে গাছপালা কেটে দেওয়া হচ্ছে। এরকম চলতে থাকলে ১৫ বছর পর করাচি আর বসবাসের উপযোগীই থাকবে না।

**বেদান্তর স্টারলাইট কপার ইউনিট বন্ধের** দাবি ঘিরে বিক্ষোভে অশান্ত হয়ে উঠল তামিলনাড়ুর তুতিকোরিন। বিক্ষোভ সামাল দিতে গিয়ে হিংসাত্মক হয়ে উঠল পুলিশ। কমপক্ষে ১২ জন বিক্ষোভকারী প্রাণ হারালেন পুলিশের গুলিতে। জখম হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন তিরিশজনেরও বেশি। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী এই ঘটনাকে রাষ্ট্রীয় সন্ত্রাস আখ্যা দিয়েছেন। দীর্ঘদিন ধরে এই প্রকল্পের জেরে হওয়া দূষণের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আসছেন বিক্ষোভকারীরা। তামা প্রস্তুতকারী প্রকল্পের বিভিন্ন ইউনিট তুতিকোরিনের জল, মাটি, বাতাসে নানা ভাবে দূষণ ছড়াচ্ছে বলে দেশ ও বিদেশের গবেষকরা বহুবার বলে এসেছেন। তা সত্ত্বেও প্রকল্প সম্প্রসারণের তোড়জোড় শুরু করেছে স্টারলাইট। তার জেরেই বিক্ষোভ আরও বড় আকার নিয়েছে।

## কর্নাটকের মুখ্যমন্ত্রী হলেন কুমারস্বামী



২৩ মে: কর্নাটকের মুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন এইচ ডি কুমারস্বামী। শপথ গ্রহণের মঞ্চ কার্যত বিরোধী ঐক্যের মঞ্চে পরিণত হল। সনিয়া-রাহুল গান্ধী থেকে শুরু করে মমতা বন্দ্যোপাধ্যায়, সীতারাম ইয়েচুরি, মায়াবতী, অখিলেশ যাদব, শরদ পাওয়ার, চন্দ্রবাবু নাইডু, তেজস্বী যাদব প্রমুখ বিরোধী দলগুলির প্রধান প্রধান মুখ উপস্থিত ছিলেন শপথ গ্রহণ অনুষ্ঠানে। এ দিন মমতা বন্দ্যোপাধ্যায় ও চন্দ্রবাবু নাইডু নিজেদের মধ্যে বৈঠক করেন। আঞ্চলিক দলগুলি নিয়ে জোট করা নিয়ে কথাবার্তা হয় তাঁদের মধ্যে। বেঙ্গালুরুতে সাংবাদিক সম্মেলনে মমতা বলেন, 'কুমারস্বামী আঞ্চলিক দলের নেতা। তাই তাঁর মুখ্যমন্ত্রী হওয়ায় আমি অত্যন্ত খুশি।' একই কথা শোনা গেছে টিডিপি প্রধান চন্দ্রবাবুর মুখেও। সদ্য বিজেপির সঙ্গে জোট ছিন্ন করে বেরিয়ে এসেছেন তিনি।

**কেরলে 'নিপা' ভাইরাসের সংক্রমণে** মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল ১০। কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা জানিয়েছেন, সংক্রমণ রুখতে যাবতীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। 'নিপা' ভাইরাসের প্রকোপ নিয়ে কেরল-সহ অন্যান্য বেশ কয়েকটি রাজ্যে আতঙ্ক ছড়িয়েছে। কেরলে মূলত কোঝিকোড় এবং মল্লপুরমেই সংক্রমণের খবর মিলেছে।

**২৩ মে** কালজয়ী মার্কিন ঔপন্যাসিক ফিলিপ রথ (৮৫) প্রয়াত হলেন। 'পোর্টনয়েজ কমপ্লেন' তাঁকে আন্তর্জাতিক মঞ্চে পরিচিতি দিয়েছিল। তাঁর অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থগুলির মধ্যে রয়েছে, 'আমেরিকান প্যাসটোরাল', 'দ্য হিউম্যান স্টেন' এবং 'দ্য প্লট এগেনস্ট আমেরিকা'। ন্যাশনাল বুক অ্যাওয়ার্ড-সহ নানান গুরুত্বপূর্ণ সম্মান পেয়েছেন তিনি।

**২৪ মে** ১২ জুন কিম জং-উনের সঙ্গে সিঙ্গাপুরে হতে চলা বৈঠক বাতিলই করে দিলেন ডোনাল্ড ট্রাম্প। এ দিন সকালেই আমেরিকাকে ভয়াবহ পরিণতির হুঁশিয়ারি দিয়েছিল উত্তর কোরীয় নেতৃত্ব। তার ফলেই বৈঠক বাতিলের সিদ্ধান্ত ঘোষণা করলেন ট্রাম্প। কিমকে লেখা চিঠিতে পরমাণু অস্ত্রের আস্ফালনও দেখিয়েছেন ট্রাম্প। তবে ট্রাম্পের এই ঘোষণা প্রকাশ্যে আসার আগেই অবশ্য প্রতিশ্রুতি মতো উত্তর কোরিয়া তাদের পরমাণু ঘাঁটি বন্ধ করে দিয়েছে।

**ইরানের পরমাণু চুক্তি থেকে আমেরিকা** বেরিয়ে গেলেও একই সিদ্ধান্ত নিচ্ছে না জার্মানি ও চিন। ট্রাম্প আশা করেছিলেন অন্যান্য দেশগুলি তাঁকেই অনুসরণ করবে। কিন্তু জার্মানির চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেল জানিয়ে দিলেন, তাঁরা আগের মতোই এই চুক্তির শরিক থাকবেন। জার্মানির মতোই ইরানের চুক্তির পাশে থাকবে চিনও। চিনা প্রধানমন্ত্রী লি কেকিয়াংয়ের সঙ্গে যৌথ সাংবাদিক বৈঠকে মার্কেল বলেন, পরমাণু চুক্তিতে তাঁদের সমর্থন থাকবে। আমেরিকা তাদের চুক্তি থেকে বেরিয়ে যাওয়ার জেরে ইরান ফের তাদের পরমাণু কর্মসূচি শুরু করতে পারত। সেই আশঙ্কা দূর করতেই তড়িঘড়ি এই সিদ্ধান্তের কথা ঘোষণা করে দিলেন মার্কেল।

**২০১৪ সালে আমস্টারডাম থেকে কুয়ালা** লামপুরগামী মালয়শিয়া এয়ারলাইন্সের বিমান যে ক্ষেপণাস্ত্রের আঘাতে ভেঙে পড়েছিল তা আদতে রাশিয়ার তৈরি বলে ডাচ তদন্তকারী দলের তদন্তে ধরা পড়ল। প্রায় চার বছর পর তদন্তকারী দল তাদের সিদ্ধান্ত জানাল। ওই বিমানের ২৯৮ জন যাত্রীই মারা গিয়েছিলেন। ইউক্রেনের বিদ্রোহী অধ্যুষিত এলাকা থেকে ধেয়ে এসেছিল ক্ষেপণাস্ত্র। স্বাভাবিকভাবেই অভিযোগের তির ওঠে রাশিয়ার দিকে। রাশিয়া অবশ্য বরাবরই অভিযোগ অস্বীকার করেছে।

## অবসর নিলেন এবি ডিভিলিয়ার্স




২৩ মে: দক্ষিণ আফ্রিকার তারকা ক্রিকেটার এ বি ডিভিলিয়ার্স হঠাৎই অবসরের সিদ্ধান্ত ঘোষণা করে দিলেন। এক ভিডিও বার্তায় এবিডি জানিয়ে দিলেন বাইশ গজে আর দেখা যাবে না তাঁকে। ৩৪ বছরের ডিভিলিয়ার্স কদিন আগেও আইপিএল খেলেছেন বেঙ্গালুরুর হয়ে। ১১৪টি টেস্ট, ২২৮টি ওয়ান ডে ম্যাচ ও ৭৮টি টি-টোয়েন্টি খেলার পর সরে দাঁড়ালেন ক্রিকেট থেকে। সব ধরনের ক্রিকেট থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত জানিয়ে এবিডি বলেছেন,'কোন ফর্মাটে খেলব, কোনটাতে খেলব না, এটা ঠিক করা আমার পক্ষে মুশকিল ছিল। তাই সব ধরনের ক্রিকেট থেকে সরে দাঁড়াচ্ছি।' টেস্টে ৮,৭৬৫, ওয়ান ডে'তে ৯,৫৭৭ আর টি-টোয়েন্টিতে ১,৬৭২ রান রয়েছে তাঁর।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-সি


## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. কোন গ্যাস নিজে জ্বলে কিন্তু অন্যকে জ্বলতে সাহায্য করে না?
(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) কোনওটিই নয়
2. সমআয়তন হাইড্রোজেন ও কার্বন মনোক্সাইডের মিশ্রণকে কী বলে?
(a) থারমিট (b) ওয়াটার গ্যাস (c) নেলসার দ্রবণ (d) রাজাম্ল
3. কোন অ্যাসিড $CaCl_2$-এর সঙ্গে বিক্রিয়ায় সাদা অধঃক্ষেপ তৈরি করে?
(a) $H_2SO_4$ (b) HCl (c) $HNO_3$ (d) HBr
4. কোয়ার্টস ঘড়িতে ব্যাপকভাবে ব্যবহৃত হয় কোনটি?
(a) সিলিকা (b) সিলিকন (c) সিলিকেট (d) কার্বন
5. কাচ তৈরির প্রধান কাঁচামাল হল:
(a) সাজিমাটি (b) চুনাপাথর (c) জিপসাম (d) বালি
6. ক্লোরোফিল ছাড়া সম্পন্ন হয় না:
(a) শ্বসন (b) অভিস্রবণ (c) রেচন (d) সালোকসংশ্লেষ
7. উদ্ভিদের খাদ্য প্রস্তুত প্রক্রিয়ায় প্রয়োজনীয় শক্তির উৎস কী?
(a) জল (b) আলো (c) বায়ু (d) মাটি
8. সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় তৈরি মূল পদার্থ কী?
(a) জল (b) শর্করা (c) আমিষ (d) অক্সিজেন
9. উদ্ভিদ কোন প্রক্রিয়ায় শর্করা উৎপন্ন করে?
(a) শ্বসন (b) প্রস্বেদন (c) অভিস্রবণ (d) সালোকসংশ্লেষ
10. সালোকসংশ্লেষণে কার্বন ডাইঅক্সাইড জলের সঙ্গে বিক্রিয়ায় উৎপন্ন করে?
(a) কার্বনিক অ্যাসিড (b) শুধু গ্লুকোজ (c) শক্তি (d) গ্লুকোজ ও অক্সিজেন
11. কলার চারা লাগানোর সময় পাতা কেটে ফেলা হয় কেন?
(a) প্রস্বেদন রোধ করার জন্য (b) শ্বসন বন্ধ করানোর জন্য (c) অভিস্রবণ ত্বরান্বিত করার জন্য (d) সালোকসংশ্লেষণের উপযোগী করে তোলার জন্য
12. শীতকালে প্রস্বেদন কম হয়, কারণ?
(a) আর্দ্রতা কম থাকে (b) পত্ররন্ধ্র বন্ধ থাকে (c) পাতা ঝরে যায় (d) সবগুলোই
13. উদ্ভিদের খাদ্য প্রস্তুতের প্রক্রিয়াকে কী বলা হয়?
(a) সালোকসংশ্লেষ (b) আলোকসংশ্লেষ (c) প্রসবণ (d) উদ্ভাবন
14. সিমেন্টের মৌলিক উপাদানগুলোর মধ্যে কোন উপাদানটি বেশি পাওয়া যায়?
(a) চুন (b) সিলিকা (c) অ্যালুমিনা (d) $SO_3$
15. সিমেন্টে জিপসাম যোগ করা হয় কেন?
(a) ঘনত্ব বাড়ানোর জন্য (b) দ্রুত জমাট রোধ করার জন্য (c) দ্রুত জমাট বৃদ্ধি করার জন্য (d) ওজন বৃদ্ধি করার জন্য
16. দেওয়াল প্লাস্টার করার উদ্দেশ্য কী?
(a) দেওয়াল মজবুত করা (b) বৃষ্টির জল যেন তাড়াতাড়ি পড়ে যায় (c) ইটের ফাঁকগুলো ভালোভাবে জোড়া লাগানোর জন্য (d) দেওয়ালের সৌন্দর্য বৃদ্ধির জন্য
17. দেশলাই কাঠিতে কোনটি থাকে না?
(a) জিঙ্ক ও বেরিয়াম লবণ (b) ক্যালশিয়াম সিলিকেট (c) পটাশিয়াম সিলিকেট (d) সবক'টিই
18. আল্ট্রাসনোগ্রাফি কী?
(a) নতুন ধরনের এক্সরে (b) ছোট তরঙ্গ দৈর্ঘ্যের শব্দের দ্বারা ইমেজিং (c) শরীরের অভ্যন্তরে শব্দ বিশ্লেষণ (d) শক্তিশালী শব্দ দিয়ে পিত্ত-পাথর বিচূর্ণীকরণ
19. শব্দের তীক্ষ্ণতা মাপা হয় কী দিয়ে/একক কী?
(a) ডেসিবল (b) ওহম (c) নিউটন (d) ডাইন
20. স্বর্ণের খাদ বের করতে কোন অ্যাসিড ব্যবহার করা হয়?
(a) সাইট্রিক অ্যাসিড (b) নাইট্রিক অ্যাসিড (c) হাইড্রোক্লোরিক অ্যাসিড (d) টারটারিক অ্যাসিড
21. অ্যামোনিয়াম সালফেট কী?
(a) একটি লবণ (b) একটি ক্ষার (c) একটি মিশ্রণ (d) একটি অ্যাসিড
22. মানবদেহে শক্তি উৎপাদনের উৎস:
(a) পরিপাক (b) খাদ্যগ্রহণ (c) শ্বসন (d) রক্ত সংবহন
23. অক্সিজেনের অনুপস্থিতিতে যে শ্বসন হয় তাকে বলা হয়:
(a) অবাত শ্বসন (b) সবাত শ্বসন (c) a এবং b দুটোই (d) কোনওটিই নয়
24. কোন গাছের পাতা থেকে গাছ জন্মায়?
(a) পাতাবাহার (b) পাথরকুচি (c) কেওড়া (d) ফণিমনসা
25. পাতা পীতবর্ণ ধারণ করে কীসের অভাবে?
(a) নাইট্রোজেনের (b) ফসফরাসের (c) ইউরিয়ার (d) পটাশিয়াম
26. পচা ডিমের গন্ধের জন্য দায়ী:
(a) কার্বন মনোক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) ক্যালশিয়াম সালফেট (d) হাইড্রোজেন সালফাইড
27. কোন গ্যাসের রঙ লালচে বাদামি?
(a) ক্লোরিন (b) ফ্লোরিন (c) সালফার ডাইঅক্সাইড (d) নাইট্রোজেন ডাইঅক্সাইড
28. জলজ শামুক, ঝিনুকের খোলস কী দিয়ে গঠিত?
(a) কার্বনেট (b) সালফেট (c) ফসফেট (d) নাইট্রেট
29. তরল মিশ্র পদার্থ থেকে ছেঁকে ভারী অদ্রবণীয় পদার্থ পৃথক করার প্রণালীকে বলে:
(a) পাতন (b) থিতান (c) পরিস্রাবণ (d) আস্রাবণ
30. সার হিসেবে কোন পদার্থটি ফসলের ক্ষেত্রে ব্যবহৃত হয়?
(a) ক্যালশিয়াম কার্বনেট (b) অ্যামোনিয়া কার্বনেট (c) ইউরিয়া (d) পটাশিয়াম নাইট্রেট
31. কোন মৌলটি হ্যালোজেনের অন্তর্ভুক্ত?
(a) সালফার (b) নাইট্রোজেন (c) অক্সিজেন (d) আয়োডিন
... জীবাণুমুক্ত কীভাবে করা যায়?
(a) ব্লিচিং পাউডার মিশিয়ে (b) অঙ্গার ও বালিস্তরের মধ্য দিয়ে (c) ফিটকিরি দ্বারা থিতিয়ে (d) জলকে পরিস্রুত করে প্রবাহিত করে, ক্লোরিন মিশিয়ে
33. ক্লোরোফিলের অণুর উপাদান কী?
(a) পটাশিয়াম (b) ফসফরাস (c) লৌহ (d) ম্যাগনেশিয়াম
34. শিমগাছ মাটিতে কোন উপাদান বৃদ্ধি করে?
(a) পটাশিয়াম (b) নাইট্রোজেন (c) হাইড্রোজেন (d) কার্বন ডাইঅক্সাইড
35. কোন খনিজ লবণের অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে?
(a) ম্যাগনেশিয়াম (b) ফসফরাস (c) লৌহ (d) পটাশিয়াম
36. জল ধারণক্ষমতা সর্বাপেক্ষা বেশি কোন মাটিতে?
(a) বেলে মাটিতে (b) বেলে দোআঁশ মাটিতে (c) এঁটেল মাটিতে (d) দোআঁশ মাটিতে
37. হাইড্রোজেন মৌলের অণুতে পরমাণুর সংখ্যা:
(a) এক (b) দুই (c) তিন (d) চার
38. নীচের কোনটি অণু গঠন করে না?
(a) নিয়ন (b) আর্গন (c) ক্লোরিন (d) a এবং b দুটোই
39. কৃষিজমিতে কীজন্য চুন ব্যবহার করা হয়?
(a) মাটির ক্ষয়রোগের জন্য (b) মাটির অম্লতা বৃদ্ধির জন্য (c) মাটির অম্লতা হ্রাসের জন্য (d) জৈব পদার্থ বৃদ্ধির জন্য
40. ধানগাছ কোন জাতীয় উদ্ভিদ?
(a) ঘাস (b) মস (c) ছত্রাক (d) শৈবাল
41. চোখের সঙ্গে মিল আছে কোনটির?
(a) অণুবীক্ষণ যন্ত্র (b) ক্যামেরা (c) টেলিভিশন (d) দূরবীক্ষণ যন্ত্র
42. জলে কিশমিশ ডুবিয়ে রাখলে কিছুক্ষণের মধ্যে ফুলে ওঠে, এটা হয়:
(a) ব্যাপন প্রক্রিয়ায় (b) অভিস্রবণ প্রক্রিয়ায় (c) শ্বসন বেশি (d) বিপাক প্রক্রিয়ায়
43. কোন উদ্ভিদ অণুবীজের মাধ্যমে বংশবিস্তার করে?
(a) সরিষা (b) পাট (c) ফার্ন (d) গম
44. কোনটি তড়িদ্‌বিশ্লেষণযোগ্য নয়?
(a) সাধারণ লবণ (b) চিনি (c) কপার সালফেট (d) সালফিউরিক অ্যাসিড
45. একটি মোটা তারের রোধ একটি চিকন তারের রোধের তুলনায়:
(a) বেশি (b) কম (c) সমান (d) দ্বিগুণ
46. ধানের পরাগমিলন কীভাবে হয়?
(a) বাতাসের সাহায্যে (b) বৃষ্টির সাহায্যে (c) কীট-পতঙ্গের সাহায্যে (d) মৌমাছির সাহায্যে
47. উদ্ভিদ কোন মৌলিক উপাদান মাটি থেকে বেশি পরিমাণে গ্রহণ করে?
(a) ম্যাগনেশিয়াম (b) ফসফরাস (c) নাইট্রোজেন (d) পটাশিয়াম
48. অ্যালুমিনিয়াম ফ্লুওরাইডের সংকেত হল:
(a) $AlF_3$ (b) $Al_2F_3$ (c) $Al_3F$ (d) কোনওটিই নয়
49. কাঁদানে গ্যাসের অপর নাম কী?
(a) ক্লোরোপিকরিন (b) ফসজিন গ্যাস (c) নাইট্রোজেন গ্যাস (d) মিথেন
50. আধুনিক কম্পিউটারের দ্রুত অগ্রগতির মূলে রয়েছে:
(a) পাঞ্চ কার্ড (b) ইন্টিগ্রেটেড সার্কিট (c) বায়ুশূন্য টিউব (d) ট্রানজিস্টার
51. 'ব্রতী সমাজ' কোথায় গড়ে ওঠে:
(a) ময়মনসিংহে (b) ফরিদপুর (c) কলকাতা (d) ঢাকা
52. ইতিহাসে কোন ঘটনাকে 'Catastrophe' বলা হয়?
(a) 1907-এর সুরাট অধিবেশনকে (b) 1916 সালের লখনউ অধিবেশনকে (c) 1906-এর মুসলিম সংগঠনকে (d) 1911-এর বঙ্গভঙ্গ রদকে
53. কোন পত্রিকায় ইলবার্ট বিলের তীব্র প্রতিবাদ করা হয়েছিল?
(a) বেঙ্গল গেজেট (b) স্পেকটেটর পত্রিকা (c) দিকদর্শন (d) সমাচার চন্দ্রিকা
54. নীল বিদ্রোহ কত সালে হয়েছিল?
(a) 1860 সালে (b) 1808 সালে (c) 1862 সালে (d) 1870 সালে
55. বিভিন্ন দিক থেকে বায়ুপ্রবাহের ফলে বালিয়াড়ি স্যালো আকারে অনেকটা পিরামিডের মতো দেখতে হলে তাকে কী বলে?
(a) আর্গ (b) ব্রিয়ান (c) কার্স্পান (d) পিরামিড বা রোর্ডস বালিয়াড়ি
56. নদী বদ্বীপ প্রবাহে কী কাজ করে?
(a) সঞ্চয় (b) অবক্ষেপণ (c) বহন (d) ক্ষয়
57. আরাবল্লী একটি _______ পর্বতের উদাহরণ।
(a) স্তূপ (b) প্রাচীন ভঙ্গিল (c) নবীন ভঙ্গিল (d) ক্ষয়জাত
58. সম্প্রতি মারা গেলেন পার্বতী ঘোষ, অভিনেত্রী, পরিচালক তিনি কোন রাজ্যের ছিলেন?
(a) মধ্যপ্রদেশ (b) অসম (c) মহারাষ্ট্র (d) ওড়িশা
59. 'কচড়া উৎসব ( Kachra Mahotsav)-2018' কোথায় অনুষ্ঠিত হল?
(a) নিউ দিল্লি (b) মধ্যপ্রদেশ (c) ছত্তিশগড় (d) গুজরাট
60. দিল্লির তিনমূর্তিচকের নতুন নাম কী রাখা হয়েছে?
(a) আক্রে (b) সফেদ (c) এলিয়ট (d) হাইফা
61. কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 1305, 4665 এবং 6905-কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?
(a) 1123 (b) 1120 (c) 1110 (d) 1125
62. রমেনবাবু তার স্ত্রীর চেয়ে 4 বছরের বড় এবং কন্যার তিনগুণ বয়সি। দশ বছর পরে যদি রমেনবাবুর স্ত্রী তার কন্যার দ্বিগুণ বয়সি হয়, তবে তাদের কন্যার এখন কত বয়স হবে?
(a) 4 বছর (b) 3 বছর (c) 5 বছর (d) 6 বছর

এরপর এগারোর পাতায়

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

1. উত্তরদিকে মুখ করে রবি 30 মিটার গেল। তারপর বামদিকে ঘুরে 50 মিটার। আবার বামদিকে ঘুরে 30 মিটার গেল। তবে যাত্রা শুরুর স্থল থেকে এক্ষখন কতদূরে আছে?
(a) 30 মিটার (b) 50 মিটার (c) 40 মিটার (d) 60 মিটার
2. যদি কোনও একটি ভাষায় 'bi nie pie' মানে হয় 'Same good Jokes'; 'nie bat lik' মানে হয় 'Same real stories' এবং 'Pielik tol' মানে হয় 'many good stories'; তাহলে সেই ভাষায় 'Jokes' মানে কী?
(a) bi (b) nie (c) pie (d) এর কোনওটিই নয়
3. যদি A বলতে ÷ (ভাগ), B বলতে × (গুণ), C বলতে + (যোগ) এবং D বলতে – (বিয়োগ) বোঝায় তাহলে 35 A 7 C 4 B 6 D 15 = ?
(a) 39 (b) 47 (c) 14 (d) 10
4. তালিকার কোন শব্দটি তালিকাভুক্ত অন্য তিনটি শব্দের থেকে পৃথকধর্মী?
(a) London (b) Paris (c) Tokyo (d) New York
5. 'HYPOCHONDRIA' শব্দটির অক্ষরগুলিকে alphabetical order-এ সাজালে বামদিক থেকে সপ্তমস্থানে কোন অক্ষরটি আসবে?
(a) R (b) L (c) O (d) N
6. সমীরকে দেখিয়ে রীতা বললেন, 'উনি আমার কাকার মেয়ের ভাই'। ভদ্রলোক রীতার কে হন?
(a) ছেলে (b) কাকা (c) শ্বশুর (d) খুড়তুতো ভাই
7. একটি ঘড়িকে যখন আয়নার মধ্য দিয়ে দেখা হয়, সেটিকে তখন 1 : 35 বাজে, সেই সময় সঠিক কটা বেজেছে?
(a) 12 : 35 (b) 11 : 35 (c) 10 : 25 (d) 9 : 25
8. যদি CLEVER-কে লেখা হয় DNHZIX, তবে BANDIT-কে কী লেখা হবে?
(a) AZQHMY (b) CBPGMY (c) CCQHNZ (d) CCPGMZ
9. কোনও মাসের তৃতীয়দিন শুক্রবার হলে, 25 তারিখ কী বার পড়বে?
(a) বুধবার (b) শনিবার (c) বৃহস্পতিবার (d) রবিবার
10. নীচের কোন চিত্রটি সঠিকভাবে টেনিস ফ্যান, ক্রিকেট খেলোয়াড় এবং ছাত্র, এই তিনটি সম্পর্ককে প্রতিফলিত করছে?



(a) (b) (c) (d)


11. সময় : ঘড়ি : : আলো : ?
(a) বীজ (b) মাটি (c) বাম্ব (d) বেলুন
12. পাঁচজন বালক বৃত্তাকারে দাঁড়িয়ে আছে। রমেশ এবং সমীরের মাঝে অজয়। সোলেমান আছে বাবুর বাঁদিকে, রমেশ সোলেমানের বাঁদিকে। তবে অজয়ের ডানদিকে কে আছে?
(a) বাবু (b) রমেশ (c) সমীর (d) সোলেমান
13. সাংকেতিক কোড '786' মানে যদি হয় 'study very hard', সাংকেতিক কোড '958' মানে যদি হয় 'hard work pays' এবং সাংকেতিক কোড '645' মানে যদি হয় 'study and work'; তাহলে 'very' শব্দটির সাংকেতিক কোড কী?
(a) 8 (b) 6 (c) 7 (d) বলা সম্ভব নয়

### উত্তর

1(b), 2(a), 3(c), 4(d), 5(d), 6(d), 7(c), 8(c), 9(b), 10(a), 11(c), 12(b), 13(c).

### সমাধান:

1(b):




2(a):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| bi | [nie] | (pie) | ⇒ | [Same] | (good) | Jokes |
| [nie] | bat | lik | ⇒ | [Same] | real | stories |
| (pie) | lik | tol | ⇒ | many | (good) | stories |

Jokes-এর কোড 'bi'.

3(c): 35A 7C 4 B 6 D 15


| | |
|---|---|
| A ⇒ ÷ | B ⇒ × |
| C ⇒ + | D ⇒ – |

চিহ্ন পরিবর্তনের পর $35 \div 7 + 4 \times 6 - 15 = 5 + 24 - 15 = 14$.

4(d): বাকি তিনটি রাজধানী শহর।

5(d): 'HYPOCHONDRIA' শব্দটিকে alphabetical order-এ সাজালে হয়
A C D H H I [N] O O P R Y
বাঁদিক থেকে সপ্তম

6(d):




7(c): বিশেষ দ্রষ্টব্য: সবসময় 11.60 থেকে বিয়োগ করতে হবে।
11 : 60 – 1 : 35 সঠিক সময় ⇒ 10 : 25.

8(c):

| | | | | | |
|---|---|---|---|---|---|
| C | L | E | V | E | R |
| ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+4 | ↓+5 | ↓+6 |
| D | N | H | Z | J | X |

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

63. একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য 14 cm এবং উচ্চতা 5 cm হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত হবে?
(a) 35 বর্গসেমি (b) 37 বর্গসেমি (c) 36 বর্গসেমি (d) 38 বর্গসেমি

64. কোনও দ্রব্যের বিক্রয়মূল্যের ওপর পরপর 30% এবং 20% ছাড়ের সমতুল্য ছাড়ের মান কত?
(a) 42% (b) 44% (c) 43% (d) 46%

65. একটি ভাগ প্রক্রিয়ায় ভাজক ও ভাগফল, ভাগশেষের যথাক্রমে 3 ও 4 গুণ হলে, ভাজ্য কত হবে? যখন ভাগশেষ 5।
(a) 300 (b) 304 (c) 302 (d) 305

66. $a^2 - a + 1 = 0$ হলে, $a^3 + 1$-এর মান কত হবে?
(a) 0 (b) 2 (c) 1 (d) 3

67. কোনও টাকা চক্রবৃদ্ধি হারে 3 বছরে 8 গুণ হলে, বার্ষিক সুদের হার কত?
(a) 100% (b) 25% (c) 50% (d) 75%

68. 25 জন মানুষ প্রত্যহ 8 ঘণ্টা করে কাজ করে 850 টাকা আয় করে, তাহলে 40 জন মানুষ প্রত্যহ 6 ঘণ্টা কাজ করে কত টাকা আয় করবে?
(a) 1010 টাকা (b) 1030 টাকা (c) 1020 টাকা (d) 1000 টাকা

69. দুই অঙ্কবিশিষ্ট কোনও সংখ্যার দশকের অঙ্কটি এককের অঙ্কের দ্বিগুণ। সংখ্যাটি থেকে 27 বিয়োগ করলে অঙ্কগুলি স্থান পরিবর্তন করে। সংখ্যাটি কত?
(a) 60 (b) 62 (c) 61 (d) 63

70. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 60 বছর, 10 বছর পূর্বে পিতার বয়স, পুত্রের বয়সের 4 গুণ ছিল। তবে পুত্রের বর্তমান বয়স কত হবে?
(a) 16 বছর (b) 20 বছর (c) 18 বছর (d) 14 বছর

71. দু'টি সংখ্যার অন্তর 4 এবং তাদের গুণফল 96। সংখ্যাদু'টির বর্গের যোগফল কত?
(a) 201 (b) 205 (c) 203 (d) 208

72. কোনও দুর্গে 1400 জন মানুষের 28 দিনের খাদ্য আছে। 3 দিন পর 400 জন লোক চলে গেল। তাহলে ওই খাদ্যে বাকি মানুষের আর কতদিন চলবে?
(a) 29 দিন (b) 35 দিন (c) 38 দিন (d) 45 দিন

73. $\sqrt{4096} = 64$ হলে, $\sqrt{40.96} + \sqrt{.4096} + \sqrt{.004096} + \sqrt{.00004096} + \sqrt{4096} = ?$
(a) 81.1305 (b) 71.1104 (c) 51.1703 (d) 41.1902

74. 5K3457 রাশিটি 11 দ্বারা বিভাজ্য হলে, K-এর মান কত হবে?
(a) 5 (b) 7 (c) 9 (d) 2

75. এক ব্যক্তি একটি রেডিও 365 টাকায় বিক্রি করলে যত ক্ষতি হয় 425 টাকায় বিক্রি করলে তত লাভ হয়, রেডিওটির ক্রয়মূল্য কত?
(a) 375 টাকা (b) 390 টাকা (c) 305 টাকা (d) 385 টাকা

76. একটি সংখ্যার সঙ্গে প্রথমে 16 যোগ করে, যোগফলকে 6 দ্বারা গুণ করে, গুণফলকে 4 দিয়ে ভাগ করা হল। ভাগফল থেকে 14 বিয়োগ করলে, সংখ্যাটি হল 100, তবে মূল সংখ্যা কত?
(a) 60 (b) 58 (c) 42 (d) 67

77. কোনও জিনিসের ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 5 : 6 হলে লাভের বা ক্ষতির হার কত?
(a) 20% (b) 25% (c) 15% (d) 10%

78. মান নির্ণয় করুন: $\frac{(2.3)^3 - 0.027}{(2.3)^2 + 0.69 + 0.09}$
(a) 2 (b) 6.4 (c) 0 d) 1

79. এক ব্যক্তির 3 মাসের আয় তার 4 মাসের ব্যয়। তার বার্ষিক সঞ্চয় 10,860 টাকা হলে, ওই ব্যক্তির মাসিক আয় কত?
(a) 2715 টাকা (b) 3620 টাকা (c) 9050 টাকা (d) 5700 টাকা

80. কাপড়ের মূল্য 20% বৃদ্ধি পাওয়ায় 600 টাকায় পূর্বের তুলনায় 5 মিটার কাপড় কম পাওয়া যায়। প্রতি মিটার কাপড়ের বর্তমান মূল্য কত?
(a) 48 টাকা (b) 24 টাকা (c) 30 টাকা (d) 20 টাকা

81. কোনও কলেজের ভোটে বিজয়ী প্রার্থী 62% ভোট পেয়ে প্রতিপক্ষ প্রার্থীকে 144 ভোটে পরাজিত করে। কলেজে মোট ভোটার কত?
(a) 300 জন (b) 600 জন (c) 500 জন (d) 400 জন

82(b): বার্ষিক 8% সুদের হারে কোনও টাকার 3 বছরে চক্রবৃদ্ধি ও সরল সুদের পার্থক্য 156 টাকা হলে, আসল টাকার মান কত?
(a) 7721.50 টাকা (b) 7913.96 টাকা (c) 7350 টাকা (d) 7570.85 টাকা

83. দু'টি বইয়ের দামের অনুপাত 2 : 3; প্রথমটির দাম 5.40 টাকা হলে দ্বিতীয় বইটির দাম কত?
(a) 8.10 টাকা (b) 9.25 টাকা (c) 7.40 টাকা (d) 5.70 টাকা

84. বর্তমানে পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 56 বছর। 4 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের তিনগুণ হবে। বর্তমানে পুত্রের বয়স কত?
(a) 20 বছর (b) 12 বছর (c) 18 বছর (d) 22 বছর

85. 100 মিটার লম্বা একটি ট্রেন 200 মিটার লম্বা একটি প্লাটফর্মকে 12 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনটির গতিবেগ কত?
(a) 85 কিমি/ঘণ্টা (b) 90 কিমি/ঘণ্টা (c) 120 কিমি/ঘণ্টা (d) 70 কিমি/ঘণ্টা

86. John ranks 17th in class and is 36th from the last. How many students are there in the class?
(a) 53 (b) 52 (c) 51 (d) 50 (e) 49

87. If '+' means '×', – means ÷, × means – and ÷ means + then $3 \div 18 - 6 \times 3 + 9 = ?$
(a) $12\frac{2}{3}$ (b) 4 (c) 0.5 (d) – 21

88. Find out the wrong Number 1, 5, 17, 53, 113, 229:
(a) 5, (b) 17, (c) 53 (d) 113 (e) 299

89. 'Day is related to 'Night' in the same way as 'white' is related to:
(a) Green (b) Red (c) Yellow (d) Blue (e) Black

90. If BOMBAY is written as MYMYMY then TAMILANADU will be written as:
(a) MN MN MN MN (b) L UL UL UL UL (c) MNU MNU MNU

91. 46 = 23, 28 = 14, 66 = 33, 44 = ?
(a) 21 (b) 22 (c) 13 (d) 18

92. If tomorrow's day before yesterday is Monday, what is the present day?
(a) Tuesday (b) Wednesday (c) Thursday (d) Friday

93. If 3rd Dec 1990 is Sunday, what day is 3rd Jan 1991?
(a) Tuesday (b) Friday (c) Wednesday (d) None of these

94. Which of the years is not a leap year?
(a) 1764 (b) 2000 (c) 1936 (d) 1800

95. If 'P' denotes '÷' Q denotes '–', R denotes '×' and 'T' denotes (+) then 24 T 16 Q 32 P 8 R 4 = ?
(a) 4 (b) 39 (c) $\frac{1}{4}$ (d) 40 (e) None of these

96. 1, 8, 27, 64, 125, _?_.
(a) 216 (b) 343 (c) 225 (d) 175

97. 9, 9, 18, 54, 216, _?_.
(a) 1080 (b) 1056 (c) 1124 (d) 1539

**Direction (98 to 100):** *Find out the wrong number.*

98. 2, 3, 2, 15, 76, 245, 1434
(a) 2 (b) 15 (c) 76 (d) 245

99. 1, 2, 8, 33, 148, 740, 4626
(a) 8 (b) 33 (c) 148 (d) 740

100. 2, 14, 18, 46, 82, 176, 338
(a) 176 (b) 338 (c) 82 (d) 46

#### উত্তর

1(b), 2(b), 3(a), 4(a), 5(d), 6(d), 7(b), 8(b), 9(d), 10(d), 11(a), 12(c), 13(a), 14(a), 15(b), 16(a), 17(d), 18(b), 19(a), 20(b), 21(a), 22(c), 23(a), 24(b), 25(c), 26(d), 27(d), 28(a), 29(a), 30(c), 31(d), 32(d),

*এরপর বারোর পাতায়*

**IIM PRIVATE INDUSTRIAL TRAINING INSTITUTE**
Affiliation No. DGET-6/25/03/2010-TC, DGET-12/1/2016-TC
NCVT, Govt. of India দ্বারা অনুমোদিত নিম্নলিখিত
**ITI কোর্সে ভর্তি চলছে**
**1. ELECTRICIAN 2. FITTER**
**3. INSTRUMENT MECHANIC**
ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা : মাধ্যমিক ● কোর্সের সময়সীমা : ২ বছর
প্রাপ্ত সার্টিফিকেট রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সমস্ত চাকুরির ক্ষেত্রে প্রযোজ্য
IIM-ITI কলেজের বৈশিষ্ট্য :
- সকল ছাত্রছাত্রীদের নিশ্চিত চাকুরীর নির্ভরযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান।
- একাধিক ক্যাম্পাসিং-এ বসার সুযোগ
- প্রতি বছরই আমাদের ছাত্রছাত্রীরা সরকারী ও প্রখ্যাত বেসরকারী প্রতিষ্ঠানে চাকরীতে যোগদান।
- একাধিক বছর আমাদের বিজয়ী ছাত্রছাত্রীদের 'All India Skill Competition For Craftsman'-এ যোগদান
- উৎকর্ষ বাংলায় পুরস্কার প্রাপ্ত
- ISO 2990-2010 স্বীকৃত ITI কলেজ
- NCVT Gradation প্রাপ্ত কলেজ
- ডিজিটাল অত্যাধুনিক ক্লাসের সুবন্দোবস্ত (E-Library Class)
- কন্যাশ্রী প্রকল্প ও SC, ST, OBC স্কলারশিপের ব্যবস্থা আছে, এছাড়া রেল কনসেশন দেওয়া হয়

যোগাযোগের ঠিকানা :
**IIM PRIVATE INDUSTRIAL TRAINING INSTITUTE**
35, M.B. Road, Udaypur / Haradayal School More, Belgharia, Kolkata - 700 049
**Ph. : 033-2541-3001 / 2226-6433**
**Mob. 8777759017 / 9641335132**

**Matangini Institute of Technology & Management**
Govt. Reg. : S/2L/No. 46401 www.mitmeducation.org
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ ছাড়
**BCA, Hotel & Hospitality Management**

**Rs. 2600 (প্রতিমাসে)**
**100% Job Assistance**
Disclaimers
বিশেষ সুবিধা
ব্যাঙ্ক লোন-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পরে পরিশোধ করার সুবিধা ● Free Hostel for Girls & Boy's
পাঁশকুড়া (আর.এস), পূর্ব মেদিনীপুর
**Mob. : 9564784173, 7586053479**

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

33(d), 34(b), 35(b), 36(c), 37(b), 38(d), 39(c), 40(a), 41(b), 42(b), 43(c), 44(b), 45(b), 46(a), 47(c), 48(a), 49(d), 50(b), 51(c), 52(a), 53(b), 54(a), 55(d), 56(b), 57(b), 58(d), 59(c), 60(d), 61(b), 62(a), 63(a), 64(b), 65(d), 66(a), 67(a), 68(c), 69(d), 70(c), 71(d), 72(b), 73(b), 74(d), 75(b), 76(a), 77(a), 78(a), 79(b), 80(b), 81(b), 82(b), 83(a), 84(b), 85(b), 86(b), 87(d), 88(d), 89(e), 90(c), 91(b), 92(b), 93(c), 94(d), 95(e), 96(a), 97(a), 98(c), 99(c), 100(a).

**সমাধান**

61(b): 4665 – 1305 = 3360, 6905 – 4665 = 2240, 6905 – 1305 = 5600, 3360, 2240, 5600-এর গ.সা.গু. = 10 × 4 × 4 × 7 = 1120

∴ নির্ণেয় সংখ্যা = 1120.

62(a): ধরি, কন্যার বয়স = x বছর

রমেনবাবুর বয়স = 3x বছর, স্ত্রীর বয়স = 3x – 4 বছর

শর্তানুসারে, 3x – 4 + 10 = 2(x + 10) ∴ x = 4

∴ কন্যার বয়স = 4 বছর।

63(a): ত্রিভুজটির ক্ষেত্রফল $= \left(\frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}\right)$ বর্গসেমি $= \frac{1}{2} \times 14 \times 5$ = 35 বর্গসেমি।

64(b): নির্ণেয় ছাড় $= -30 - 20 + \frac{(-30)\times(-20)}{100} = -50 + 6 = -44\%$.

65(d): ভাজক = 3 × 5 = 15, ভাগফল = 4 × 5 = 20

∴ ভাজ্য = 20 × 15 + 5 = 305.

66(a): $a^3 + 1 = (a + 1)(a^2 - a.1 + 1^2) = (a + 1)(a^2 - a + 1)$ = (a + 1) (0) = 0.

67(a): $P\left(1+\frac{r}{100}\right)^3 = 8P$ [P = আসল, r = সুদের হার, t = সময় = 3]

$\Rightarrow \left(1+\frac{r}{100}\right)^3 = 8 = 2^3 \Rightarrow \left(1+\frac{r}{100}\right) = 2 \Rightarrow \frac{r}{100} = 2 - 1 = 1$

⇒ r = 100%

68(c): 25 জন মানুষ 8 ঘণ্টা কাজ করে 850 টাকা পায়

∴ 40 জন মানুষ 6 ঘণ্টা কাজ করে $\frac{850 \times 40 \times 6}{25 \times 8}$ পায় = 1020 টাকা।

69(d): ধরি এককের অঙ্ক = x ∴ দশকের অঙ্ক = 2x

∴ মূল সংখ্যা = 10.2x + x = 21x

প্রশ্নানুসারে, 21x – 27 = 12x ⇒ x = 3 ∴ 2x = 6

∴ মূল সংখ্যা = 63.

70(c): ধরি, 10 বছর পূর্বে পুত্রের বয়স = x বছর

∴ 10 বছর পূর্বে পিতার বয়স = 4x বছর

∴ 10 বছর পর অর্থাৎ বর্তমানে পিতার বয়স = 4x + 10 বছর

∴ 10 বছর পর অর্থাৎ বর্তমানে পুত্রের বয়স = x + 10 বছর

প্রশ্নানুসারে, 4x + 10 + x + 10 = 60 ⇒ 5x = 40 ⇒ x = 8

∴ পুত্রের বর্তমান বয়স 8 + 10 = 18 বছর।

71(d): ধরি, সংখ্যাদু'টি x, y

∴ x – y = 4 ... (i) xy = 96 ... (ii)

$x^2 + y^2 = (x - y)^2 + 2.xy = (4)^2 + 2.96 = 208.$

72(b): বাকি লোক = (1400 – 400) = 1000 জন

বাকি দিন = (28 – 3) = 25 দিন

1400 জন মানুষের 25 দিনের খাবার 1000 জন মানুষের চলবে $= \frac{1400 \times 25}{1000}$ দিন = 35 দিন।

73(d): $\sqrt{40.96} + \sqrt{.4096} + \sqrt{.004096} + \sqrt{.00004096} + \sqrt{4096}$

= 6.4 + .64 + .064 + .0064 + 64 = 71.1104.

74(d):

5 K 3 4 5 7

[(5 + 3 + 5) – (K + 4 + 7) ÷ 11⇒ (13 – 11 – K) ÷ 11⇒ (2 – K) ÷ 11

এখানে K-এর মান 2 হলে ওই সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

75(b): ধরি, লাভ ও ক্ষতির পরিমাণ x টাকা

প্রশ্নানুসারে, 425 – x = x – 355 ⇒ 2x = 425 + 355 = 780 ⇒ x = 390.

76(a): ধরি, সংখ্যাটি x

প্রশ্নানুসারে, $\frac{(x+16)\times 6}{4} - 14 = 100 \Rightarrow \frac{(x+16)\times 3}{2} = 114$

$\Rightarrow x + 16 = \frac{114 \times 2}{3} = 76 \Rightarrow x = 76 - 16 = 60.$

77(a): লাভের হার $\frac{(6-5)}{5} \times 100\% = \frac{1}{5} \times 100\% = 20\%.$

78(a): $\frac{(2.3)^3 - 0.027}{(2.3)^2 + 0.69 + 0.09} = \frac{(2.3)^3 - (.3)^3}{(2.3)^2 + 2.3 \times .3 + (.3)^2}$

$= \frac{(2.3 - .3)\{(2.3)^2 + 2.3 \times .3 + (.3)^2\}}{(2.3)^2 + 2.3 \times .3 + (.3)^2} = (2.3 - .3) = 2.$

79(b): 3 মাসের আয় = 4 মাসের ব্যয় = 1 মাস সঞ্চয়

9 মাসের আয় = 12 মাসের ব্যয় = 3 মাস সঞ্চয়

∴ 3 মাসের আয় = 10860 টাকা ∴ মাসের আয় = 3620 টাকা।

80(b): এখন 120 টাকা হল আগের 100 টাকা

600 টাকা হল আগের $\frac{600 \times 100}{120}$ টাকা

∴ টাকা বৃদ্ধি = (600 – 500) = 100 টাকা

∴ বর্তমানে 1 মিটার কাপড়ের দাম $\frac{600 \times 20}{5 \times 100} = 24$ টাকা।

81(b): ধরি, মোট ভোটার x জন

∴ $\frac{62x}{100} - \frac{38x}{100} = 144 \Rightarrow x = \frac{144 \times 100}{24} = 600$ জন।

82(b): $P = \frac{D(100)^3}{r^3(300+8)} = \frac{156 \times 100 \times 100 \times 100}{8 \times 8 \times 8(308)} = 7913.96$ টাকা।

83(a): ধরি, বইগুলির দাম = 2x টাকা, 3x টাকা

দ্বিতীয়টির দাম $\frac{3 \times 5.40}{2}$ টাকা = 8.10 টাকা।

84(a): ধরি, পিতার বয়স = x বছর

পুত্রের বয়স = y বছর

শর্তানুসারে, x + y = 56 or, x = 56 – y

4 বছর পর পিতার বয়স = (x + 4) বছর

4 বছর পর পুত্রের বয়স (y + 4) বছর

শর্তানুযায়ী, x + 4 = 3(y + 4)

বা, x + 4 = 3y + 12

বা, (56 – y) + 4 = 3y + 12 [x = 56 – y বসিয়ে]

বা, 4y = 56 + 4 – 12

বা, y = 12 ∴ পুত্রের বয়স = 12 বছর।

∴ পিতার বয়স = 40 বছর।

85(b): ট্রেনটি 12 সেকেন্ডে যায় 300 মিটার

∴ 1 ঘণ্টা = 3600 সেকেন্ডে যায় $\frac{300 \times 3600}{12}$ মিটার $= \frac{300 \times 3600}{12}$ মিটার

= 90 কিমি

∴ ট্রেনের গতিবেগ 90 কিমি/ঘণ্টা।

86(b): জনের rank (স্থান) ওপর থেকে 17 এবং শেষ থেকে 36। অর্থাৎ মোট ছাত্রছাত্রী (36 + 17) – 1 = 52.

87(d): 3 ÷ 18 – 6 × 3 + 9

3 + 18 ÷ 6 – 3 × 9 (÷ মানে +, – মানে ÷, × মানে – এবং + মানে × বলা আছে)

= 3 + 3 – 27 = – 21.

88(d): এখানে seriesটিতে 1 × 3 + 2 = 5

5 × 3 + 2 = 17, 17 × 3 + 2 = 53

কিন্তু 53 × 3 + 2 = 161 হওয়ার কথা ছিল কিন্তু হল 113, তাই 113 odd or wrong.

89(e): Day (দিন)-এর বিপরীতে রাত একইভাবে white (সাদা)-এর বিপরীত কালো (black) হবে।

90(c): BOMBAY ক্ষেত্রে তৃতীয় LETTER এবং ষষ্ঠ letter নিয়ে কোড তৈরি করা হয়েছে। একইভাবে TAMILNADU-র ক্ষেত্রে তৃতীয় ষষ্ঠ এবং নবম letter নিয়ে কোডটি তৈরি করতে হবে।

91(b): এখানে প্রত্যেক ক্ষেত্রেই সংখ্যাটির অর্ধেক = এর পরে লেখা হচ্ছে যেমন 46 = 23 [46 এর অর্ধেক 23] 28 = 14 এবং 66 = 33

[28-এর অর্ধেক 14 এবং 66-র অর্ধেক 33]

অর্থাৎ 44 = 22 [ যেহেতু 44-এর অর্ধেক 22]

92(b): গতকালের আগের দিন ছিল সোমবার অর্থাৎ গতকাল ছিল মঙ্গলবার, অর্থাৎ আজকে বুধবার।

93(c): 3rd December 1990 = Sunday

10th December 1990 = Sunday

[সাত (7) Day (দিন) অন্তর একই বার ফিরে আসে।]

17th December 24, 31 December 1990 = Sunday

[ডিসেম্বর মাস 31 দিনের হয়]

3rd Jan (Sun + 3) = Wednesday.

94(c): আমরা জানি লিপিয়ার দেখার জন্য 4 দ্বারা বিভাজ্য হওয়া চাই আবার শেষে দু'টো শূন্যযুক্ত সংখ্যা থাকলে সেটা 400 দ্বারাও বিভাজ্য হওয়া চাই।

1. 1764 – 4 দ্বারা বিভাজ্য, তাই লিপইয়ার।

2. 2000 – 4 এবং 400 দ্বারা বিভাজ্য, তাই লিপইয়ার।

3. 1936 – 4 দ্বারা বিভাজ্য, তাই লিপইয়ার।

কিন্তু 1800 4 দ্বারা বিভাজ্য 400 দ্বারা নয় তাই লিপইয়ার নয়।

95(e): 24 + 16 – 32 ÷ 8 × 4 = 24 + 16 – 4 × 4 = 24 + 16 – 16 = 24.

[P = ÷, Q = –, R = × and T = + বলে দেওয়া আছে।]

96(a): Series $1^3 = 1, 2^3 = 8, 3^3 = 27, 4^3 = 64, 5^3 = 125$

অর্থাৎ $6^3 = 216$ হবে।

97(a): এখানে দেখা যাচ্ছে 9 × 1 = 9 তারপর 9 × 2 = 18, 18 × 3 = 54

তারপর 54 × 4 = 216

অতএব, 216 × 5 = 1080 হবে।

98(c): No. Seriesটিতে $2 \times 1 + 1^2 = 3$

এরপর $3 \times 2 - 2^2 = 2, 2 \times 3 + 3^2 = 15.$

এখানে $15 \times 4 - 4^2$ অর্থাৎ = 44 হওয়া উচিত ছিল

কিন্তু Seriesটিতে $15 \times 4 + 4^2 = 76$ করে দেওয়া হয়েছে তাই 76 odd or wrong.

99(a): Seriesটিতে $1 \times 1 + 1^2 = 2$ এরপর $2 \times 2 + 2^2 = 8$

এরপর $8 \times 3 + 3^2 = 33$ এরপর $33 \times 4 + 4^2 = 148$

এরপর $148 \times 5 + 5^2 = 765$ (হওয়া উচিত ছিল কিন্তু 740 series টিতে আছে তাই wrong No 740).

100(a): Number seriesটিতে 2 × 2 + 10 = 14 → 14 × 2 – 10 = 18

18 × 2 + 10 = 46 → 46 × 2 – 10 = 82

82 × 2 + 10 = 174 হওয়া উচিত ছিল কিন্তু 176 হওয়ায় এটি odd.

*প্রস্তুত করেছেন: SCERT প্রশিক্ষিত স্কুলশিক্ষক কামাল হোসেন*

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

*গত সংখ্যার পর*

**সমাধান**

51(d): সময় $= \frac{1 \times 75}{60 \times 1000} \times 3600$ সেকেন্ড = 4.5 সেকেন্ড।

52(d): 1 ঘণ্টায় A, B-এর চেয়ে বেশি (10 – 6) কিমি = 4 কিমি

12 কিমি বেশি যাবে = 3 ঘণ্টায়

A এবং B দু'জনে একত্রে 3 ঘণ্টায় যায় (10 + 6) কিমি = 16 কিমি

A এবং B-এর বাড়ির দূরত্ব = 48 কিমি।

53(d): দু'টি নল একসঙ্গে খুলে দিলে চৌবাচ্চাটি পূর্ণ হবে $= \frac{30 \times 40}{40 - 30}$ মিনিটে $= \frac{1200}{10}$ মিনিটে = 2 ঘণ্টায়।

54(a):

| | দিন | জন |
|---|---|---|
| | (7 – 1) = 6 | 375 |
| | x | (375 – 150) = 225 |

x : 6 = 375 : 225 [ জনের সঙ্গে দিনের ব্যস্তানুপাত সম্পর্ক]

$\frac{x}{6} = \frac{375}{225}$ বা, $x = \frac{375 \times 6}{225} = 10$

অবশিষ্ট খাদ্যে বাকিদের 10 দিন চলবে।

55(c): ব্যাঙ্ক থেকে 3 বছরের সুদ $= 3{,}500 \times 3 \times \frac{15}{100}$ টাকা = 1,575 টাকা

আবার, সমবায় সমিতি থেকে 3,500 টাকার 3 বছরের সুদ $= 3{,}500 \times 3 \times \frac{10}{100}$ টাকা = 1,050 টাকা

ব্যাঙ্ক থেকে ধার না নিয়ে সমবায় সমিতি থেকে 3,500 টাকা ধার করলে তাঁর সাশ্রয় হয় (1575 – 1050) টাকা বা 525 টাকা।

56(a): মনে করি, A-এর টাকা ব্যবসায় x মাস নিয়োজিত ছিল

এখন A-এর 12,000 টাকার x মাসের লাভ = 12,000x টাকার 1 মাসের লাভ

আবার, B-এর 16,000 টাকার 9 মাসের লাভ = 1,44,000 টাকার 1 মাসের লাভ

প্রশ্নানুসারে, A-এর লভ্যাংশ = B-এর লভ্যাংশ

12,000x টাকার 1 মাসের লাভ = 1,44000 টাকার 1 মাসের লাভ

12,000x = 1,44,000 বা, 12x = 144 বা, x = 12

A-এর টাকা ব্যবসায় 12 মাস বা 1 বছর নিয়োজিত ছিল।

57(a): মনে করি, বর্তমানে A-এর বয়স 4x বছর

সুতরাং, B-এর বয়স 5x বছর, B-এর বয়স 5x + 5 বছর

5 বছর পর A-এর বয়স হবে 4x + 5 বছর

শর্তানুসারে, $\frac{4x+5}{5x+5} = \frac{5}{6}$

বা, 25x + 25 = 24x + 30 বা, 25x – 24x = 30 – 25, x = 5

বর্তমানে A-এর বয়স = 5 × 4 = 20 বছর

এবং B-এর বয়স = 5 × 5 = 25 বছর।

58(b): মনে করি, সংখ্যাদু'টি যথাক্রমে 3x এবং 10x

প্রশ্নানুসারে, (3x + 6) এবং (10x + 6)

সংখ্যাদু'টি ব্যস্ত অনুপাত 12 : 5

(10x + 6) : (3x + 6) = 12 : 5

বা, $\frac{10x+6}{3x+6} = \frac{12}{5}$ বা, 5(10x + 6) = 12(3x + 6) বা, 50x + 30 = 36x + 72

বা, 14x = 42, x = 3 ∴ 3x = 3.3 = 9 এবং 10x = 10.3 = 30

অর্থাৎ সংখ্যাদু'টি যথাক্রমে 9 এবং 30

59(a): 14 কিলোগ্রাম মিশ্র সারে ইউরিয়া আছে $\frac{2}{7} \times 14 = 4$ কিলোগ্রাম

14 কিলোগ্রাম মিশ্র সারে পটাশ আছে $\frac{5}{7} \times 14 = 10$ কিলোগ্রাম

নতুন মিশ্র সারে ইউরিয়া আছে (4 + 2) = 6 কিলোগ্রাম এবং পটাশ আছে = 10 কিলোগ্রাম

এখন এই মিশ্র সারে ইউরিয়া এবং পটাশের ওজনের অনুপাত = 6 : 10 = 3 : 5.

60(b): 12 : 10 = 18 : x [এখানে নির্ণেয় রাশি x দিন ধরা হল]

$x = \frac{10 \times 18}{12} = 15$ দিন।

61(c): 11টি সংখ্যার সমষ্টি = 11 × 55 = 605

প্রথম 6টি সংখ্যার সমষ্টি = 6 × 60 = 360

শেষ 6টি সংখ্যার সমষ্টি = 6 × 50 = 300

ষষ্ঠ সংখ্যাটি হবে = (360 + 300 – 605) = (660 – 605) = 55.

62(d): 15% অনুপস্থিত ছিল, সুতরাং (100 – 15)

বা, 85% উপস্থিত ছিল

ছাত্রসংখ্যা 85% = 340

বা, ছাত্রসংখ্যার $\frac{85}{100}$ অংশ = 340, মোট ছাত্রসংখ্যা $= \frac{340 \times 100}{85} = 400$।

63(a): 75 টাকা মূল্যের ওপর 20% বেড়ে মূল্য হয় $\frac{120}{100} \times 75$ টাকা

বা, 90 টাকা

পরে মূল্য 20% কমায় মূল্যের স্থানে মূল্য হল $\frac{80}{100} \times 90$ টাকা = 72 টাকা।

64(b): যেহেতু তারা একই অভিমুখে গতিশীল

সুতরাং, প্রতি ঘণ্টায় তাদের মধ্যে দূরত্ব বাড়ে = (8 – 5) কিমি = 3 কিমি

3 ঘণ্টা পরে তাদের মধ্যে দূরত্ব হবে = (3 × 3) কিমি = 9 কিমি।

65(a): সম্পূর্ণ বেগের $\frac{2}{5}$ অংশ বেগ নিয়ে চললে সময় লাগে = 15 ঘণ্টা

সম্পূর্ণ বেগ নিয়ে চললে সময় লাগে $= 15 \times \frac{2}{5}$ ঘণ্টা = 6 ঘণ্টা।

*এরপর তেরোর পাতায়*

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## রেলে ৬২৯০৭ গ্রুপ-সি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

66(c): স্থির জলে নৌকার বেগ $= 3\left(\frac{8+5}{8-5}\right)$ কিমি/ঘণ্টা $= 13$ কিমি/ঘণ্টা

স্রোতের অনুকূলে নৌকার গতিবেগ $= (13 + 3)$ কিমি/ঘণ্টা $= 16$ কিমি/ঘণ্টা

স্থানদু'টির মধ্যে দূরত্ব $= (16 \times 5)$ কিমি $= 80$ কিমি।

67(d): সারা দিনে মোটের ওপর তাপমাত্রা হ্রাস পেল $= \frac{12^2}{100}\% = 1.44\%$.

68(b): দৈর্ঘ্য L একক হলে পরিসীমা $2(L + 2) = 16$

অর্থাৎ $L = 6$, দৈর্ঘ্য $= 6$ সেমি, ক্ষেত্রফল $= LB = (6 \times 2)$ বর্গসেমি $= 12$ বর্গসেমি।

69(c): ধরি, অঙ্ক দু'টি x ও y $\therefore x + y = 12 \therefore 10x + y - 31 = 10x - 30 + y - 1 = 10(x - 3) + (y - 1) \therefore x - 3 = y - 1$ বা, $x - y = 2$

$\therefore x + y = 12$

$x - y = 2$

$2x = 14$ বা, $x = 7 \therefore y = 12 - 7 = 5$

সংখ্যাটি $= 10x + y = 70 + 5 = 75$.

70(d): কাজটি শেষ হবে $= \frac{20 \times 30}{20 + 30}$ দিনে $= 12$ দিনে।

71(a): এখানে 100 টাকা ক্রয়মূল্য হলে, বিক্রয়মূল্য হবে $= 85$ টাকা

ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত $= 100 : 85 = 20 : 17$.

72(c): সুদের পার্থক্য $\times 100 = 5000 \times 2 \times 3$

সুদের পার্থক্য $= \frac{5000 \times 2 \times 3}{100}$ টাকা $= 300$ টাকা।

73(d): ছয় জনের গড় রান $= 50$

ছয় জনের মোট রান $= 50 \times 6 = 300$ এবং পাঁচ জনের মোট রান $= (15 + 85 + 21 + 45 + 67) = 233$

ষষ্ঠ জনের রান $= 300 - 233 = 67$.

74(b): রামের 40,000 টাকা খাটে 12 মাস ও শ্যামের 80,000 টাকা খাটে $(12 - 6) = 6$ মাস

রাম ও শ্যামের তুল্য মূলধনের অনুপাত $= (40000 \times 12) : (80000 \times 6) = 480000 : 480000 = 1 : 1$

শ্যামের লভ্যাংশ $= \left(10000 \times \frac{1}{2}\right) = 5{,}000$ টাকা।

75(d): দু'জন লোকের মোট বয়স $= [24 + 26) + (12 \times 2)]$ বছর $= 74$ বছর

দু'জন লোকের গড় বয়স $= (74 \div 2) = 37$ বছর।

76(c): $25 \div 5 + 17 + 17 \times 2 - 6 = 10$, $25 \div 5 + 17 - 2 \times 6 = 10$

এখানে × ও – interchange হয়েছে।

77(c): $x * y = x + y + 4xy$, $2*3 = 2 + 3 + 4.2.3 = 5 + 24 = 29$.

78(b): দেওয়া অক্ষরের set গুলিতে প্রত্যেকটির দু'টি letter বড় হাতের তাই একইভাবে rRQd অক্ষরের set-এর R ও Q বড় হাতের।

79(a): কারণ, দেওয়া জিনিসগুলি প্রত্যেকটি পেট্রোলে বা ডিজেলে চলে, তা একইভাবে বাসও পেট্রোল বা ডিজেলে চলে।

80(d): $A < B$, $B < C$, $C < D$, $A > E$, $E < A < B < C < D$.

81(a): REGLANT শব্দটিতে G অক্ষরটি দেওয়া শব্দের অক্ষর নয়।

82(a): SHORT শব্দটির অক্ষরগুলি দেওয়া শব্দের অক্ষর।

83(a): THORN শব্দটিকে সাজালে যে শব্দ পাওয়া যায় তা হল NORTH এই শব্দটির ডানদিক থেকে দ্বিতীয় অক্ষরটি হল T.

84(a): ডিসেম্বরের 1 তারিখ হবে প্রথম রবিবার এবং ডিসেম্বরে 3 তারিখ হবে প্রথম মঙ্গলবার। তিন সপ্তাহ পরে চতুর্থ মঙ্গলবার হবে $3 + (7 \times 3) = 24$ ডিসেম্বর।

85(a): 10 তারিখ থেকে পরের সপ্তম দিন অর্থাৎ 17তম দিন। যদি পঞ্চম দিনটি হয় শুক্রবার তাহলে পরের শুক্রবার হবে 12তম দিন। এখন $17 - 12 = 5$ দিন, তাই 17তম দিনটি হবে শুক্রবার থেকে 5 দিন পর অর্থাৎ বুধবার।

86(d): ঘড়ির কাঁটাদু'টি প্রতি ঘণ্টায় 2 বার সমকোণ তৈরি করে তাই 12 ঘণ্টায় কাঁটাদু'টি মোট যতবার সমকোণ তৈরি করবে তা হল: $12 \times 2 = 24$ বার।

87(c): আমার বোনের ভাইয়ের বাবা— অর্থাৎ আমার বাবা

আমার বাবার মায়ের স্বামী— অর্থাৎ আমার ঠাকুরদাদা।

88(d): অভিনয় সাধারণত Theater-এ দেখা যায়, ঠিক সেরকম Gambling বা জুয়া খেলা Casino-তে হয়।

89(b): যখন সন্তান (Child) কাঁদে (cry), তখন মা (Mother) দুধ (Milk) খাওয়ায় তাই ছেলে হাসে (Smile)।

90(c): কয়লার রং হল কালো বা black, আবার black বলতে red-কে বোঝায়।

91(c):

| কোড | বাক্য |
|---|---|
| 643 | she is beautiful |
| 593 | he is handsome |
| 567 | handsome meets beautiful |

এখানে তৃতীয় কোডটিকে 7 ও meets শব্দটি একবার করে ব্যবহার করা হয়েছে কোনও repeat করা হয়নি।

92(b): প্রথম দিক থেকে রিমির র‍্যাঙ্ক 5 ও মোট ছাত্রীর সংখ্যা 53। তাই শেষদিক থেকে রিমির র‍্যাঙ্ক হবে $(53 - 5) + 1 = 49$.

93(b):

| S | E | L | E | C | T | I | O | N |
|---|---|---|---|---|---|---|---|---|
| 6 | 9 | 1 | 2 | 7 | 3 | 8 | 4 | 5 |

94(b): দেওয়া শব্দটির প্রথম, তৃতীয়, পঞ্চম, সপ্তম, দশম ও ত্রয়োদশ অক্ষরগুলি হল ENTRAMT, এখন এই অক্ষরগুলি দিয়ে একটি অর্থবহ শব্দ হবে MATTER। এই শব্দটির ঠিক মাঝের দু'টি অক্ষর হল TT।

95(a): $20 + 2 = 22$, $22 \div 2 = 11$

একইভাবে $102 + 2 = 104$ $104 \div 2 = 52$.

96(c): $6 \times 5 \times 4 = 120$, $6 \times ? \times 3 = 126$, $8 \times 5 \times 8 = 320$.

97(d): দেওয়া letter গুলির অবস্থান নম্বরগুলিকে বিবেচনা করলে হবে:


Q(17) – K (11) = F (6), O(15) – G(7) = H(8)

? – J(10) = E(5), ? = E (5) + J (10) = O = (15).

98(c): $9^2 = 81$, $8^2 = 64$, $7^2 = 49$, $9^3 = 729$, $8^3 = 512$, $7^3 = 343$.

99(c): ছবি দেখে বোঝা যায় যে, 3, 2, 5, 6-এর পাশাপাশি 1 আছে 4-এর বিপরীতে 1 থাকবে।

100(c): Sugar ও Sweet দু'টিই মিষ্টি আবার চা মিষ্টি এবং কিছু চা Sugar দিয়ে তৈরি হয় তাই:




*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

*দশের পাতার পর*


| B | A | N | D | I | T |
|---|---|---|---|---|---|
| ↓+1 | ↓+2 | ↓+3 | ↓+4 | ↓ +5 | ↓+6 |
| C | C | Q | H | N | Z |

9(b): 3 তারিখ ⇒ শুক্রবার।

$(3 + 7) \Rightarrow 10$ তারিখ ⇒ শুক্রবার, $(10 + 7) = 17$ তারিখ ⇒ শুক্রবার।


$(17 + 7) = 24$ তারিখ ⇒ শুক্রবার। ∴ ওই মাসের 25 তারিখ শনিবার।

10(a):




11(c): সময় ⇒ ঘড়ি, আলো ⇒ [বাল্ব]

12(b):




13(c):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| 7 | (8) | [6] | ⇒ | [Study] | very | (hard) |
| 9 | 5 | (8) | ⇒ | (hard) | work | pays |
| [6] | 4 | 5 | ⇒ | [Study] | and | work |

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*


# GYANKOSH ACADEMY

H.O. - DumDum, Kolkata ❖ www.distanceedu-wb.com
E-mail : gyankoshadm@gmail.com
Contact : 8583956901 / 7980879741

## নিশ্চিত চাকরীর সেরা কোর্স নার্সিং

GNM, B.Sc নার্সিং এ ভর্তি চলছে (পঃ বঃ, অন্ধ্র, ব্যাঙ্গালুরু)

- ❖ সরাসরি Admission
- ❖ কোলকাতায় থিওরী ও প্র্যাকটিক্যালের ব্যবস্থা
- ❖ শিক্ষান্তে 100% চাকুরির নিশ্চয়তা
- ❖ থাকা খাওয়ার সু-বন্দোবস্থ INC স্বীকৃত A1 কলেজ

D-Pharm, B-Pharm ও প্যারামেডিকেল কোর্স অল্প খরচে

যোগাযোগ

সারেঙ্গা-8348943921, সিমলাপাল/বাঁকুড়া-9126910933 আরামবাগ-9733590675. পুরুলিয়া-9007198208, বারাসাত-6294513257, নামখানা, কাকদ্বীপ-9735635723, এগরা, কন্টাই-9933772258, গোয়ালতোড়-8637049218, বিষ্ণুপুর, জয়পুর, কোতুলপুর-8348409090, রামজীবনপুর-7001795686 হাওড়া-7980721031, লালগড় (ঝাড়গ্রাম)-9434679293

D.Ed, B.Ed, LLB, B.Tech -এছাড়া আরও আকর্ষনিয় কোর্সের জন্য যোগাযোগ করুন



# পশ্চিমবঙ্গ তপশিলী জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি.এফ. ২১৭/এ/১, সেক্টর - ১, সল্টলেক, কোলকাতা - ৭০০০৬৪

## রিটেল ট্রেনি এ্যাসোসিয়েট ও রিটেল ক্যাশিয়ার এবং বিজনেস করেস্পন্ডেন্ট (ব্যাঙ্কিং এন্ড ফিনান্স) কোর্সে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচী

তপশিলী জাতি ও আদিবাসী মহিলা / পুরুষদের স্ব-নির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে ২ (দুই) থেকে ৫(পাঁচ) মাসের অনাবাসিক প্রশিক্ষণ দেওয়া হবে।

প্রার্থীর বয়স : ১৮ থেকে ৩৫ বছর, শিক্ষাগত যোগ্যতাঃ মাধ্যমিক / উচ্চমাধ্যমিক / স্নাতক (কোর্স অনুযায়ী), পারিবারিক বার্ষিক আয় অনুর্দ্ধ ৯৮,০০০/- টাকা (গ্রামাঞ্চলে) ও অনুর্দ্ধ ১,২০,০০০/- টাকা (শহরাঞ্চলে)। পশ্চিমবঙ্গের ৫টি জেলার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে সাতশো পঞ্চাশ (৭৫০) উদ্যোগী এর সুযোগ নিতে পারবেন।

## বিস্তারিত জানতে ও আবেদন করতে যোগাযোগ করুন

জেলা ভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র ও হেল্প লাইন ঃ

| জেলা | প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা | হেল্পলাইন |
|---|---|---|
| উত্তর ২৪ পরগনা | ব্যারাকপুর - NIIT সেন্টার, অতীন্দ্র কমপ্লেক্স, ৩য় তল, ৬৩ ঘোষ পাড়া রোড, ব্যারাকপুর-৭০০১২০ | 9339291016 |
| | বারাসাত - NIIT সেন্টার, নন্দন প্লাজা, ৩য় তল, ১২ নং রেল গেট, শ্রীগুরু বস্ত্রালয়ের নিকট, বারাসাত - ৭০০১২৪ | 9830220822 |
| | সন্দেশখালি - NIIT যুবা জ্যোতি, ধুচনীখালী, শ্রীরামকৃষ্ণ সেবাশ্রম গ্রাম + পোষ্ট - ধুচনীখালী, পিন - ৭৪৩৪৪৬ | 9339291016 |
| | সল্টলেক - NIIT সেন্টার, ইসি-১০, ২য় তল, সল্টলেক সিটি, সিটি সেন্টার ১ এর বিপরীতে, কলকাতা - ৭০০০৬৪ | 9836812465 |
| নদীয়া | কল্যানী - NIIT যুবা জ্যোতি, বি-৯/৪ (সিএ, আইটিআই মোড় কল্যানী নদীয়া - পিন - ৭৪১২৩৫ | 9339291016 |
| পূর্ব বর্ধমান | বর্ধমান - NIIT সেন্টার, ১১৩, বি.সি. রোড, মায়াবাজার, ২য় তল, সি.এম.এস. স্কুলের বিপরীতে, পিন-৭১৩১০১ | 9339291016 7384090919 |
| দক্ষিণ ২৪ পরগনা | যাদবপুর - NIIT সেন্টার, ২ সেন্ট্রাল রোড, বিপরীতঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা-৭০০০৩২ | 9836812465 |
| পূর্ব মেদিনীপুর | হলদিয়া - NIIT সেন্টার, নিকটঃ ইন্ডিয়া হোটেল, গ্রাম ও পোস্ট : খানজানচক, হলদিয়া - ৭২১৬০২ | 9433427851 |

কর্মসূচী রূপায়নে ঃ NIIT যুবা জ্যোতি লিমিটেড (NSDC-র প্রশিক্ষণ অংশীদার)

আবেদনের শেষ তারিখ ১২ই জুন ২০১৮

NIIT Yuva Jyoti skills for jobs

NIIT REGIONAL OFFICE : 6B, Pretoria Street, Krebs House, Kolkata - 700071

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবনবিমায় কেরিয়ার এজেন্ট

*প্রথম পাতার পর*

কোনও জেলার তরুণ-তরুণীরাই।

দরখাস্ত করার জন্য দরকার হবে এইসব নথিপত্র: বয়সের প্রমাণ হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের নকল, স্নাতকের সার্টিফিকেট ও মার্কশিটের নকল, প্যান কার্ড, ভোটার আইডেন্টিটি কার্ড, আধার কার্ডের (থাকলে) নকল এবং ৩ কপি পাসপোর্ট মাপের ফটো।

১৮ জুনের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায়: Career Agents Branch, Hindusthan Building (Annex), 4, Chittaranjan Avenue, Kolkata-700 072. ফোন: ২২১২-৪৫৮০। তথ্যের প্রয়োজনে অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার সোমনাথ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩০০-৬৫৭৬৩। প্রয়োজনে ব্রাঞ্চ ম্যানেজার সন্দীপ ব্যানার্জির সঙ্গে কথা বলতে পারেন, ফোন: ৯৭৪৮১-২৭১২৯।

# সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট ১৬ সেপ্টেম্বর

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষক পদের প্রার্থীদের ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল উত্তীর্ণ হতে হয়। সেইসঙ্গে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন) থাকা দরকার। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন করা থাকলেও আবেদন করা যায়। অথবা গ্র্যাজুয়েট এবং ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড) যোগ্যতাসম্পন্নদের আবেদনও গ্রাহ্য করা হয়ে থাকে।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষক পদের প্রার্থীদের ক্ষেত্রে: গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা (ডি এল এড) থাকতে হবে। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং সেইসঙ্গে ১ বছরের বি এড বা স্পেশ্যাল এডুকেশনে বি এড ডিগ্রি থাকলেও আবেদন করা যায়। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ হতে হয়। সেইসঙ্গে এলিমেন্টারি এডুকেশনের ৪ বছরের ব্যাচেলর ডিগ্রি (বি এল এড) অথবা বি এ (এড) বা বি এসসি (এড) ডিগ্রি থাকা প্রয়োজন। অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট এবং এন সি টি ই রেগুলেশনস, ২০০২ অনুসারে ১ বছরের বি এড ডিগ্রিধারীদের আবেদনও গ্রাহ্য করা হয়ে থাকে।

সবক্ষেত্রেই তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা শিক্ষাগত যোগ্যতার নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। স্পেশ্যাল এডুকেশনের শিক্ষক-শিক্ষণ কোর্স রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আর সি আই) এবং সাধারণ শিক্ষক-শিক্ষণ কোর্স এন সি টি ই কর্তৃক স্বীকৃত হতে হবে।

সি টি ই টি-তে বসার জন্য বয়সের কোনও বিধিনিষেধ নেই। তবে এই পরীক্ষায় সফলরা স্কুলে চাকরির জন্য আবেদন করলে সংশ্লিষ্ট স্কুলের নিয়মকানুন মানতে হবে।

সি-টেট পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দু'টি পত্রের পরীক্ষা। যাঁরা প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষকতা করতে চান তাঁরা প্রথম পত্রের এবং যাঁরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষকতার জন্য বিবেচিত হতে চান তাঁরা দ্বিতীয় পত্রের উত্তর করবেন। যাঁরা উভয়স্তরের জন্যই বিবেচিত হতে চান তাঁদের দু'টি পত্রেরই উত্তর দিতে হবে। পরীক্ষার বিশদ সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.ctet.nic.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ctet.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২২ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত। ফি জমা দেওয়া যাবে ২১ জুলাই পর্যন্ত।

এই পরীক্ষার ইনফর্মেশন বুলেটিন এখনও প্রকাশিত হয়নি। ১২ জুন থেকে উপরোক্ত ওয়েবসাইটে বিশদ তথ্য পাওয়া যাবে।

# যোধপুর এইমসে ১২৭ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

নার্সিংয়ে বি এসসি অথবা বি এসসি-পোস্ট সার্টিফিকেট বা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। সঙ্গে অন্তত ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল বা স্বাস্থ্য প্রতিষ্ঠানে স্টাফ নার্স গ্রেড-টু পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর নাম অবশ্যই ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অথবা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নার্সেস অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নথিভুক্ত থাকতে হবে। বয়স: ২৭-৬-২০১৮ তারিখে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৩, ও বি সিরা ৫ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম**: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,৮০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsjodhpur.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৭ জুন। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই এবং বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা সিটি সেশনস কোর্টে স্টেনোগ্রাফার লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট ও গ্রুপ ডি

গ্রুপ ডি, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ সি) এবং ইংলিশ স্টেনোগ্রাফার (গ্রুপ-বি) পদে ৪৯ জনকে নিয়োগ করবে সিটি সেশনস ডিভিশনের কলকাতার সিটি সেশনস কোর্ট। প্রার্থী বাছাই করবে সিটি সেশনস ডিভিশনের ডিস্ট্রিক্ট রিক্রুটমেন্ট কমিটি। এখন অস্থায়ীভাবে নিয়োগ হলেও পরে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2674-S (Rectt).

শূন্যপদের বিবরণ: **ইংলিশ স্টেনোগ্রাফার**: ৫টি (সাধারণ ১, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, সাধারণ-ইসি ১, তফসিলি জাতি ২)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এছাড়া ইংরেজিতে শর্টহ্যান্ডে মিনিটে ৮০টি শব্দের দ্রুততা ও ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা।

**লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট**: ১৩টি (সাধারণ ৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি-ইসি ১)। **শিক্ষাগত যোগ্যতা**: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। ইংরেজিতে টাইপিং জানলে অগ্রাধিকার। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**গ্রুপ ডি**: পিওন: ২১টি (সাধারণ ৫, সাধারণ-ইসি ৪, সাধারণ-দক্ষ খেলোয়াড়: ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৩, তফসিলি জাতি-ইসি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ১, ও বি সি-এ-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-বি ১, ও বি সি-বি-ইসি ১)। প্রসেস সার্ভার: ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। ওয়ারেন্ট বেলিফ: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। ভিস্তি: ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। ফরাশ: ১টি (ও বি সি-এ)। নাইট গার্ড: ১টি (সাধারণ)। সুইপার: ১টি (ও বি সি-এ)। **শিক্ষাগত যোগ্যতা**: ক্লাস এইট পাশ। নাইট গার্ড পদের ক্ষেত্রে প্রার্থীকে সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। সুইপার পদের ক্ষেত্রে প্রার্থীকে বাংলায় লিখতে ও পড়তে জানতে হবে। বেতনক্রম: প্রসেস সার্ভার পদের ক্ষেত্রে ৫,৪০০-২৫,২০০ টাকা, গ্রেড পে ২,৩০০ টাকা। অন্যান্য পদের ক্ষেত্রে ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৯ বছর এবং অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে স্কিল টেস্ট, লিখিত পরীক্ষা ও টাইপ টেস্টের মাধ্যমে। এরপর নেওয়া হবে কম্পিউটার অপারেশন এবং পার্সোন্যালিটি টেস্ট। লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রার্থী বাছাই করা হবে গ্রুপ ডি সুইপার পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের মাধ্যমে এবং গ্রুপ ডি ক্যাটেগরির অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে একটি লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির থেকে: www.ecourts.gov.in/citysessionscourtcalcutta, www.calcuttahighcourt.gov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে গ্রুপ বি ও সি ক্যাটেগরির ক্ষেত্রে ৪০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০০ টাকা) এবং গ্রুপ ডি ক্যাটেগরির ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। অফলাইনে ফি দিতে চাইলে চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ডাউনলোড করা চালান-সহ নগদে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ফি জমা দেওয়ার নথি।
- ✓প্রার্থীর দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোগুলি দরখাস্ত এবং আডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓তফসিলি এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ২৫×১১ সেমি মাপের একটি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য দরখাস্ত করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief Judge, City Sessions Court, Calcutta-cum-Chairman, District Recruitment Committee, City Sessions Division, Calcutta, 2 & 3, Bankshall Street, Bichar Bhawan, Kolkata-700 001. এছাড়া উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপ বক্সেও দরখাস্ত সরাসরি জমা দিতে পারেন। সব ক্ষেত্রেই দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৯ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এলাহাবাদ হাইকোর্টে ট্রেনি ল ক্লার্ক

*প্রথম পাতার পর*

শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**বয়স**: ১-৭-২০১৮ তারিখে ২১ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে।

**বেতন**: নির্দিষ্ট মাসিক ১২,৫০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে। অগস্ট মাসের প্রথম সপ্তাহে ইন্টারভিউ এলাহাবাদে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.allahabadhighcourt.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ ৩০০ টাকা দিতে হবে ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে। ব্যাঙ্ক ড্রাফটটি 'Registrar General, High Court of Judicature'-এর অনুকূলে এলাহাবাদে প্রদেয় হতে হবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓১-১-২০১৮-র পরে তোলা প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন ও ফটোর ওপর সই করবেন। ফটোটি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত হতে হবে।
- ✓যাবতীয় শিক্ষাগত যোগ্যতার মার্কশিট এবং সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓কম্পিউটার জ্ঞান ও অন্যান্য যোগ্যতা-সংক্রান্ত সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓ফি বাবদ ব্যাঙ্ক ড্রাফট।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা এবং প্রত্যেকটিতে ৪০ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো ৫×১০ ইঞ্চি মাপের দু'টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র ও দরখাস্ত ভরা খামের ওপর লিখবেন: APPLICATION FOR THE POST OF LAW CLERK (TRAINEE).

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩০ জুনের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar General, High Court of Judicature, Allahabad.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতায় সরকারি প্রকল্পে ডাক্তার

৩৩ জন আংশিক সময়ের মেডিক্যাল অফিসার নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৯ জুন, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2/Kolkata City NUHM Society /2018-19.

**শিক্ষাগত যোগ্যতা**: এম বি বি এস। সঙ্গে ১ বছর মেয়াদের বাধ্যতামূলক ইন্টার্নশিপ করে থাকতে হবে।

**বয়স**: ১-১-২০১৮ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৪,০০০ টাকা।

নিয়োগ করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

## ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন

- ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত। প্রার্থীর এক কপি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র।
- ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেট।

ইন্টারভিউ ৯ জুন, সকাল সাড়ে ১১টা থেকে। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S. N. Banerjee Road, Kolkata-700 013.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# তিন জেলার তফসিলি তরুণদের নিখরচায় সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি**: উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা ও পুরুলিয়া জেলার ৩০০ তফসিলি জাতি ও আদিবাসী তরুণকে নিখরচায় প্লাম্বার জেনারেল ও অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিশিয়ানের প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম। ৩ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। বার্ষিক পারিবারিক আয় গ্রামাঞ্চলের প্রার্থীদের ক্ষেত্রে ৯৮ হাজার টাকা এবং শহরের প্রার্থীদের ক্ষেত্রে ১ লক্ষ ২০ হাজার টাকার মধ্যে থাকলে তবেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। প্রশিক্ষণ পরিচালনা করবে সল্টলেক ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট।

উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা ও পুরুলিয়ার তফসিলি জাতি ও আদিবাসী তরুণরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করবেন। প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। প্রশিক্ষণ আয়োজিত হবে সংশ্লিষ্ট তিন জেলায়।

ভর্তির জন্য সরাসরি অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://wbscstcorp.gov.in দরখাস্ত করতে হবে ২৭ জুনের মধ্যে। তথ্যের জন্য ফোনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩)৪৬০১-৪৭৩০, ৯৮৩০৫-৯৯৭০৯। আরও তথ্যের জন্য ১৫ পাতায় সংস্থার বিজ্ঞাপন দেখুন।

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ইঞ্জিনিয়ার ও জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট

৫৯ জন কর্মী নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া। নিয়োগ হবে ইঞ্জিনিয়ার পদে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল-সহ বিভিন্ন শাখায় এবং জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/Rectt./Advt./2018-19/02.

ইঞ্জিনিয়ারিং শাখানুসারে শূন্যপদের বিন্যাস: পজিশন কোড 18-19/02/A: সিভিল: ১০টি, পজিশন কোড 18-19/02/B: মেকানিক্যাল: ১০টি, পজিশন কোড 18-19/02/C: ইলেক্ট্রিক্যাল: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পজিশন কোড 18-19/02/E: কনস্ট্রাকশন (সেফটি): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। এর পাশাপাশি ইন্ডাস্ট্রিয়াল সেফটিতে ডিগ্রি বা ডিপ্লোমা, ডিগ্রি বা ডিপ্লোমা স্তরে অন্যতম বিষয় হিসেবে কনস্ট্রাকশন সেফটি পড়ে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পজিশন কোড 18-19/02/G: কনস্ট্রাকশন (ওয়েল্ডিং/এন ডি টি): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা মেটালার্জি শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে ইন্ডিয়ান সোসাইটি ফর নন-ডেস্ট্রাকটিভ টেস্টিং দ্বারা প্রদত্ত এন ডি টি লেভেল-টু সার্টিফিকেট পেয়ে থাকতে হবে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পজিশন কোড 18-19/02/H: প্ল্যানিং (মেকানিক্যাল): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পজিশন কোড 18-19/02/I: এস সি এম (কন্ট্রাক্টস অ্যান্ড পারচেজ): ৯টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সিভিল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

পজিশন কোড 18-19/02/Q: জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ কমার্স স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং জানা থাকলে অগ্রাধিকার।

বয়স: ৩০-৫-২০১৮ তারিখে ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে ২৮ এবং জুনিয়র অ্যাকাউন্ট্যান্টদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৬০,০০০-১,৮০,০০০ টাকা। জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৩,৮০০-৩৮,৫০০ টাকা।

ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ দিল্লিতে। জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে প্রার্থী নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুন পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৭৫ কেবি সাইজের মধ্যে), সই (২৫ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (প্রতিটি ৯০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট ও দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (উভয়ই ৫০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রায়ত্ত সংস্থায় অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও অ্যাকাউন্ট্যান্ট

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং অ্যাকাউন্ট্যান্ট পদে ৫৪ জন কর্মী নেবে মেকন লিমিটেড। এটি কেন্দ্রের ইস্পাত মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে।

শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: টেলিকম:** ৩৬টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমা, সঙ্গে ও এফ সি লেয়িং এবং কনস্ট্রাকশন বা টেলিকম ইন্ডাস্ট্রিতে ১ বছরের (ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের) অভিজ্ঞতা থাকতে হবে।

**সিভিল:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের (ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের) অভিজ্ঞতা থাকতে হবে।

**ইলেক্ট্রিক্যাল:** ৩টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের (ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৩ বছরের) অভিজ্ঞতা থাকতে হবে।

**বেতন:** প্রতি মাসে ৩৮,০০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 11.73.4.1/2018/Cont./03.

**অ্যাকাউন্ট্যান্ট:** ১২টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর ও অনার্স-সহ বি কম, সঙ্গে ফিনান্স ও অ্যাকাউন্টস সংক্রান্ত কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

নিয়োগ করা হবে ৩ বছরের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 11.73.4.1/2018/Cont./04.

বয়স: ৩১-৫-২০১৮ তারিখে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ৩০ বছর এবং অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.meconlimited.co.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ জুন। অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দুই বিদ্যুৎ সংস্থায় এক্সিকিউটিভ ট্রেনি

৪৭ জন এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স) নেবে পাওয়ার গ্রিড ও পাওয়ার সিস্টেম অপারেশন কর্পোরেশন। দু'টি সংস্থাই কেন্দ্রীয় শক্তি মন্ত্রকের অধীনস্থ। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/06/2018.

**শূন্যপদের বিবরণ: পাওয়ারগ্রিড:** শূন্যপদ: ৩৫টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ২টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**পাওয়ার সিস্টেম অপারেশন কর্পোরেশন:** শূন্যপদ: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা আই সি ডব্লু এ (সি এম এ) উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ৩০-৬-২০১৮ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ট্রেনিং চলাকালীন ২৪,৯০০-৫০,৫০০ টাকা। ট্রেনিং শেষে নিয়োগের পর বার্ষিক বেতন ১৫ লক্ষ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, গ্রুপ ডিসকাশন ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৯ থেকে ৩০ জুন পর্যন্ত। অনলাইন ব্যবস্থায় ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# অ্যালায়েন্স এয়ারে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১৯ জন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে অ্যালায়েন্স এয়ার। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ২ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। ভালো কাজের নিরিখে চুক্তির মেয়াদ বর্ধিত হতে পারে।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ১১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫। শিক্ষাগত যোগ্যতা: মোট ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা অ্যারোনটিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা অ্যারোস্পেস বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার বা সমতুল শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাভিয়েশন ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১-৬-২০১৮ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৫০,০০০ টাকা।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.airindia.in প্রয়োজনীয় নথিপত্র, ফি বাবদ ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত সাধারণ ডাক বা স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Alliance Air, Personnel Department, Alliance Bhawan, Domestic Terminal-1, I.G.I Airport, New Delhi-110 037. দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৯ জুন।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# খাদ্য দপ্তরে সাব-ইনস্পেক্টর নিয়োগের উদ্যোগ

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গের খাদ্য ও সরবরাহ বিভাগে প্রায় ৯০০ সাব-ইনস্পেক্টর নিয়োগের প্রক্রিয়া শীঘ্রই শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। এই নিয়োগের প্রস্তাব ইতিমধ্যে মন্ত্রিসভার অনুমোদনও পেয়েছে। প্রায় ৯০০ শূন্যপদ পূরণের প্রক্রিয়া শুরুর পাশাপাশি সাব-ইনস্পেক্টরের আরও দুই সহস্রাধিক শূন্যপদ পূরণের পরিকল্পনা রয়েছে খাদ্য দপ্তরের। সূত্রের খবর, এই ২ হাজারের বেশি শূন্যপদে সাব-ইনস্পেক্টর নিয়োগের ব্যাপারেও শীঘ্র মন্ত্রিসভায় প্রস্তাব পাঠাতে চাইছে খাদ্য দপ্তর।

নার্সিং, ফার্মাসি, প্যারামেডিকেল কোর্সে ভর্তি ও শিক্ষান্তে চাকরি

সংবাদদাতা ঃ স্বাস্থ্যবিভাগে ভিন রাজ্যে Govt. স্বীকৃত নার্সিং ANM, GNM, B.Sc Nursing কোর্সে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক ন্যূনতম 50% নম্বরসহ সরাসরি ভর্তির যোগ্য। এছাড়া D-Pharmacy, DMLT, X-Ray ফিজিওথেরাপি হেলথ ও স্যানিটারী ইনস্পেক্টর কোর্সে ভর্তি চলছে।

বিশেষত্ব ঃ 100% education Loan সহায়তা
100% placement ও স্কলারশিপ

যোগাযোগ ঃ National Institute of Nursing & Paramedical Science - কোলকাতা
(ISO 9001:2015 সার্টিফায়েড Govt. registered)
কোলকাতা ঃ 033 4602 8297 / 9836442992, বারাসাত ঃ 7044367520
শিলিগুড়ি ঃ 9547338470 / 9547338471 visit us : ninps.org

নার্সিং ট্রেনিং-এ ভর্তির বিজ্ঞপ্তি

৩ বছরের জি. এন. এম. নার্সিং ট্রেনিং কোর্স (সেপ্টেম্বর-২০১৮)

ভর্তির জন্য যোগ্য মহিলা প্রার্থীর কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। এই ট্রেনিং ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল এবং পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত।

আসন সংখ্যা ঃ ৫০ (মহিলা)। শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় আবশ্যিক বিষয়ে (ভাষা - যার মধ্যে ইংরাজী বাধ্যতামূলক) ও তিনটি ঐচ্ছিক বিষয়ে (বেশী নম্বর প্রাপ্ত ৩টি বিষয়ে), পরিবেশ শিক্ষা ব্যতীত, মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাভিত্তিক প্রার্থী নির্বাচিত হবে। ভোকেশনাল শাখার প্রার্থীদের আবেদন গণ্য হবে না। বিজ্ঞান শাখা অগ্রাধিকার পাবে। প্রার্থীকে বাংলা ভাষা লিখতে ও পড়তে জানতে হবে।

বয়স ঃ ০১.০১.২০১৮ তারিখে ১৭-২৭ বছরের মধ্যে। প্রার্থীর বিগত ৫ বছরের সময়কালে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়া বাধ্যতামূলক। প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ট্রেনিং চলাকালীন ৩ বছর ছাত্রী নিবাসে থাকা বাধ্যতামূলক।

ফর্ম নেওয়া ও জমা দেওয়ার শেষ তারিখ ০১.০৬.২০১৮ থেকে ০৯.০৭.২০১৮
সময়ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত (শনি, রবি, ছুটির দিন বাদ)।

SADHANA MEMORIAL SCHOOL OF NURSING
(Formerly Shova Rani School of Nursing)
KPC MEDICAL COLLEGE & HOSPITAL, JADAVPUR
1F, Raja S. C. Mullick Road, Jadavpur, Kolkata - 32, Phone : 033 4045 0014

GRAMIN MEDICAL COLLEGE & HOSPITAL
(Under Act 1956, Section-25 of Government of India, MCA No.- GSR 368(E)
License No.- 103598, Self Financial Body)
Collaboration with SINGHANIA UNIVERSITY (Established by the Govt. of Rajasthan & Recognized under Section 2f of University Grand Commission)
Regd. office : 6/2A, Dr. Suresh Sarkar Road, Kolkata- 700014, Mob: 91-9831060025, Ph: 033-40707025
email: directorsakl12@gmail.com / admin@aklindiagroup.com, Web: www.aklindiagroup.com

ADMISSION - 2018

1st time in INDIA our Chairman Mr. PARIMAL MAITI introduce the Substitute of MBBS Course - BSCH (Bachelor of Science in community Health) which has passed by MCI & Parliament of India.
After passing BSCH student have right to independently Practice & Prescribe Modern Medicine (Allopathic) to treatment Common diseases to the patient.

| NAME OF THE COURSE | ELIGIBILITY | ADMISSION OFFICE |
|---|---|---|
| Kolkata Campus (New Town) - BSCH, B.Sc /M.Sc- Nursing, ANM, GNM, DMLT, BMLT, BPT, B. Pharm. Rajasthan Campus- MBBS,Phd. | HS, 10+2 (Sc) (for all courses) for DMLT- 10+2 for Ph.D- Master Degree | 7/3, 1st Floor, Mandeville Gardens Opp. Gariahat ITI College, Kol- 19 or Register Office. M-9831060025 9830544423, Ph: 033-40707025 |

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম
(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)
সি.এফ. ২১৭ / এ / ১, সেক্টর-১, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪

প্লাম্বার জেনারেল ও অ্যাসিস্ট্যান্ট ইলেকট্রিসিয়ান

আবেদনের শেষ তারিখ ২৭/০৬/২০১৮

তপশিলী জাতি ও আদিবাসী যুবকদের স্বনির্ভরতার লক্ষ্যে বিনাব্যয়ে দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হবে। ৩ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। পশ্চিমবঙ্গের ৩টি জেলার ৩টি কেন্দ্রের মাধ্যমে তিনশ (৩০০) উদ্যোগী এর সুযোগ নিতে পারেন।

যোগ্যতা: বয়স ১৮-৩৫ বৎসর • পারিবারিক বার্ষিক আয় অনুর্দ্ধ ৯৮,০০০ টাকা (গ্রামাঞ্চলে) এবং অনুর্দ্ধ ১,২০,০০০ টাকা (শহরাঞ্চলে)

-ঃ জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র ঃ-
■ উত্তর ২৪ পরগণা ■ দক্ষিণ ২৪ পরগণা (কাকদ্বীপ) ■ পুরুলিয়া (কেন্ডিকা)

অনলাইনে আবেদন করুন http://wbscstcorp.gov.in
ই-মেল ঃ- info@sliemskills.com
দূরভাষ ঃ- ০৩৩-৪৬০১ ৪৭৩০ / ৯৮৩০৫ ৯৯৭০৯ ৮০১৩০ ৭৬৬৬৪ / ৯০৬২৩ ২০০০৩ / ৯০৬৪৯ ৫৮৮৭৩

কর্মসূচী রূপায়নে SLIEM SKILLS
SALT LAKE INSTITUTE OF ENGINEERING & MANAGEMENT LTD.
GN-34/2, Ashram Building, Sector-V, Salt Lake, Kolkata - 700091, WB

www.banglajobgude.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

## ই ডি আইয়ে চাকরি ও স্বনিযুক্তি সহায়ক চার কোর্স



চাকরি ও স্বনিযুক্তি সহায়ক চার কোর্সে ভর্তি নিচ্ছে সল্টলেকের এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। কোর্স চারটি হল: পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এক্সপোর্ট-ইম্পোর্ট ম্যানেজমেন্ট, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম, ডিপ্লোমা ইন এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট এবং সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন (জি এস টি-সহ)। দূরশিক্ষা ব্যবস্থায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সগুলি পড়ানো হবে। ক্লাস হবে প্রতি রবিবার, ই ডি আই-য়ে।

কোর্সের বিবরণ: পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন এক্সপোর্ট-ইম্পোর্ট ম্যানেজমেন্ট: শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম: শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। উভয় কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি: ১২,০০০ টাকা।

ডিপ্লোমা ইন এন্ট্রেপ্রেনারশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট: শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। ব্যাচেলর প্রিপারেটরি (বি পি পি) কোর্স পাশরাও আবেদনের যোগ্য। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি: ৯,০০০ টাকা।

সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন উইথ জি এস টি: শিক্ষাগত যোগ্যতা: স্নাতক স্তরে পাঠরতরা আবেদন করবেন। কোর্সের মেয়াদ ছয় মাস। কোর্স ফি: ৫,০০০ টাকা।

আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে এই ঠিকানা থেকে: Enterprise Development Institute, IB-194, Sector-III, Salt Lake, Kolkata-700 106, West Bengal. অ্যাপ্লিকেশন ফর্ম ও রেজিস্ট্রেশন ফি বাবদ দিতে হবে এক্সপোর্ট-ইম্পোর্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে ৫০০ টাকা এবং অন্যান্য সবক'টি কোর্সের ক্ষেত্রে ৪০০ টাকা। ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৩০ জুন।

প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.edikolkata.org তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩৩৫ ৭৬৮১/৭২৫৮।

## কল্যাণী বিশ্ববিদ্যালয়ে এম বি এ এবং হেলথ অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স

মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এম বি এ) এবং হেলথ অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ। দু'টি কোর্সই শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন: আসনসংখ্যা: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে জেম্যাট বা ক্যাট বা ম্যাট বা সিম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন।

ডিপ্লোমা ইন হেলথ অ্যান্ড হসপিটাল ম্যানেজমেন্ট: আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.klyuniv.ac.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৫ জুন। ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৬০ টাকা)। ফি জমা দিতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlinesbi.com

অনলাইন দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তির প্রবেশিকা ২৪ জুন

ফার্মাসির ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশনের অধীনস্থ সরকারি ও স্টেট কাউন্সিল কর্তৃক অনুমোদিত মোট ১২টি পলিটেকনিক। কোর্সের মেয়াদ ২ বছর। প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুন (রবিবার)।

শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। ভোকেশনাল শাখায় উত্তীর্ণ উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা আবেদন করবেন না।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৩০ নম্বর), ফিজিক্স (২০ নম্বর), কেমিস্ট্রি (২০ নম্বর) এবং বায়োলজি (৩০ নম্বর) বিষয়ে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webscte.co.in অনলাইনে আবেদনপত্র যথাযথ-ভাবে পূরণ করে সাবমিটের পর সাবমিট করা ফর্মের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি জমা দিতে হবে।

আবেদনের ফি বাবদ নগদ ৫০০ টাকা-সহ (কন্যাশ্রী প্রকল্পভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা) ফর্মের প্রিন্ট আউট ৬ জুনের মধ্যে জমা দিতে হবে কাউন্সিলের তালিকাভুক্ত যে-কোনও একটি পলিটেকনিকে। পলিটেকনিকের তালিকা পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। ফর্ম জমা দেওয়া যাবে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে ৪টের মধ্যে (শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশনে কারিগরি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ওয়েল্ডিং (গ্যাস, ইলেক্ট্রিক, আর্ক), টিগ ও মিগ, টু-হুইলার ও থ্রি-হুইলার রিপেয়ারিং অ্যান্ড মেন্টেন্যান্স এবং মোবাইল ফোন রিপেয়ারিং ও মেন্টেন্যান্সের প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির। অন্তত ক্লাস এইট পাশ হলে ভর্তির জন্য আবেদন করা যাবে।

টিগ ও মিগ কোর্সটি ৩ মাসের। অন্য প্রত্যেকটি কোর্সের মেয়াদ ৬ মাস।

ফি: প্রতিটি কোর্সের ক্ষেত্রেই ভর্তির ফি ৩,০০০ টাকা। টিগ ও মিগ ছাড়া অন্য সবক'টি কোর্সের ক্ষেত্রে প্রতি মাসে ফি ১৫০ টাকা। টিগ-মিগ কোর্সের ক্ষেত্রে মাসিক ফি নেই।

ক্লাস শুরু হবে ৪ জুলাই। যোগাযোগের ঠিকানা: রামকৃষ্ণ মিশন জনশিক্ষা মন্দির, পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ফোন: (০৩৩) ২৬৫৪-১১৪৫।


EMIRATES FLIGHT CATERING CO. DUBAI

Emirates Flight Catering

FREE RECRUITMENT, NO SERVICE CHARGES

**COOKS (200 No.)** Hot & Cold Kitchen, Continental, Butchery, CCU, Bakery. Age 21-35, must have min. 2 to 3 yrs relevant experience, diploma in hotel management or food craft institute. Must be able to read, write & speak English.

Free Food, Accomm., Transport & Medical, leave salary, return ticket every 2 years, Annual Bonus & Increments.

TRUST TRAVEL PVT. LTD.

SIEMENS ENTERPRISES, 77 Eliott Road, 5th Floor, Kolkata-700 016


INTERVIEW IN KOLKATA

Ph.: 033 46032399 / 7003830634 / 9831075068 siemens_enterprises@yahoo.in, jobs@trustindiagroup.com, rajesh@trustindiagroup.com 022-43459786, 022-22692304, 9082237014, 8286116727.

Lic No. B-0352\COM\1000+\05\128\1984



ফুরোবার আগেই সংগ্রহ করুন



কাজের খবরে

১ নম্বর

কর্মক্ষেত্র

কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

সপ্তাহে দু'দিন:

শুক্রবার - কর্মক্ষেত্র

সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ

Source - Average Issue Readership, IRS 2017


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in